# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 16 ■ 18th April, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88



এবার আসছি আমরা মালদহে

কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

কেরিয়ার ফেয়ার ২০২৬

বিনামূল্যে সুযোগ পেতে ফোন করুন : 6291684943


## সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সে ৯,১৭৫ কনস্টেবল

**মাধ্যমিক পাশ ছেলেমেয়েদের জন্য**

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সে 'কনস্টেবল (টেকনিক্যাল ও ট্রেডসম্যান)' পদে ৯,১৭৫ জন ছেলেমেয়ে নেওয়া হবে এইসব ট্রেডে : ড্রাইভার, বাগলার, টেলর, মুচি, কার্পেন্টার, মালি, মোটর মেকানিক ভেহিক্যাল, পেইন্টার, কুক, ওয়াটার কেরিয়ার, সাফাই কর্মচারী, বারবার, ব্রাশব্যান্ড, পাইপব্যান্ড, ওয়াশারম্যান, ম্যাসন ও ইলেক্ট্রিশিয়ান।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা সব পদের জন্যই আবেদন করতে পারেন। 'কনস্টেবল (মেকানিক মোটর ভেহিক্যাল)' পদের বেলায় আই.টি.আই. থেকে ২ বছরের মেকানিক মোটর ভেহিক্যাল ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ হলে আর ১ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। মেকানিক মোটর ভেহিক্যাল ট্রেডে অন্তত ৩ বছরের অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট করে থাকলে আর অন্তত ১ বছরের প্র্যাক্টিক্যাল অভিজ্ঞতা থাকলেও যোগ্য।

কনস্টেবল (ড্রাইভার) পদের বেলায় বৈধ ট্রান্সপোর্ট ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। আর অন্যান্য ট্রেডের বেলায় সংশ্লিষ্ট ট্রেডের কাজে ভালো জ্ঞান থাকতে হবে।

ম্যাসন ও ইলেক্ট্রিশিয়ান ট্রেডের বেলায় সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট ট্রেডে আই.টি.আই. পাশ হলে অগ্রাধিকার পাবেন।

কনস্টেবল (ড্রাইভার) পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২৬'র হিসাবে ২১ থেকে ২৭ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৯ থেকে ১-১-২০০৫'এর মধ্যে। এরপর ৬ পাতায়


Admission Open

Ph.D

Top Indian University থেকে পাশ করুন

- University & Supervisor Short Listing
- Research Proposal & SOP Support
- Entrance Exam & Interview preparation
- Fellowship & Funding assistance

Master Degree Holders Non-NET Candidates also guided

The Admission Guidance

Bally, Howrah : 9038011392


## রেলে ২৩ অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** ইন্ডিয়ান রেলওয়ে ফিনান্স কর্পোরেশন লিমিটেড অ্যাসিস্ট্যান্ট ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে ২৩ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**অ্যাসিস্ট্যান্ট :** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে কমার্স শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন এরপর ৭ পাতায়

### কলকাতার ১৩২টি আইটি কোম্পানিতে

## AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে ৪০,৩২২ চাকরি

### শুরুতেই মাইনে বছরে ৪ থেকে ৫ লাখ টাকা

**সৈকত হালদার, সল্টলেক :** সম্প্রতি বিখ্যাত আইটি প্রযুক্তি সংস্থা WIPRO এর সিইও শ্রীনি পাল্লিয়া ঘোষণা করেছেন, তাঁর সংস্থায় গত ৩ মাসে ১১,৫১২ জনের নিয়োগ হয়েছে। তার মধ্যে প্রায় ৭,০২২ জনের নিয়োগ হয়েছে শুধুমাত্র ডিজিটাল মার্কেটিংয়ে। এই পরিসংখ্যান থেকেই খুব স্পষ্ট যে, আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল ডিজিটাল মার্কেটিং। আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের ডিজিটাল মার্কেটিংয়ে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৭,০০০ থেকে ৯,০০০ নিয়োগ হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ২৫০ থেকে ৩০০ জনের নিয়োগ হয়। এই স্পেশালাইজড এরপর ৪ পাতায়

## ১,০৫৫ সার্ভেয়র, অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা, নাগপুর :** কেন্দ্রীয় সরকারি সংস্থা, সাউথ ইস্টার্ন কোল ফিল্ডস লিমিটেড 'মাইনিং সির্দার', ডেপুটি সার্ভেয়র, অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ইলেক্ট্রিক্যাল) পদে ১,০৫৫ জন এরপর ৩ পাতায়

## স্টেট ব্যাঙ্কে ১৮ হাজার ক্লার্ক, অফিসার

### শিগগিরই বেরোচ্ছে

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** স্টেট ব্যাঙ্ক ইন্ডিয়া ২০২৬-'২৭ আর্থিক বছরে প্রায় ১৮ হাজার শূন্যপদে ছেলেমেয়ে নিয়োগ করবে। এর মধ্যে জুনিয়র অ্যাসোসিয়েটস (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস) বা, ক্লার্ক পদে প্রায় ১৪ হাজার, প্রবেশনারি অফিসার পদে প্রায় ৩,০০০ আর অন্যান্য অফিসার ও লোকাল ব্যাঙ্ক অফিসার পদে প্রায় ২ হাজার শূন্যপদ আছে। দেশের বৃহত্তম ঋণপ্রদানকারী সংস্থা, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া এ.আই. সংক্রান্ত প্রযুক্তিকে আরো উন্নত ও অত্যাধুনিক করে তোলার লক্ষ্যে এগিয়ে যাচ্ছে, যাতে ব্যাঙ্কিং পরিষেবা আরো দ্রুত হয়।

স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চেয়ারম্যান সি.এস. শেট্টি জানান, কোভিড পরিস্থিতির পর বিভিন্ন কোম্পানি, বিশেষ করে প্রযুক্তি এরপর ৩ পাতায়

## কেন্দ্রীয় ৭ বাহিনীর কনস্টেবল পদের পরীক্ষা ২৭ এপ্রিল থেকে

### এবার চালু হল পরীক্ষার তারিখ বেছে নেওয়ার 'প্রেফারেন্স ফর উইকস'

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** স্টাফ সিলেকশন কমিশনের ২০২৬ সালের ৮ বাহিনীর কনস্টেবল (জেনারেল ডিউটি), এস.এস.এফ ও অসম রাইফেলসের রাইফেলম্যান (জেনারেল ডিউটি) পদের স্থগিত কম্পিউটার বেসড টেস্ট শুরু হবে ২৭ এপ্রিল থেকে, চলবে ৩০ মে পর্যন্ত। আগে এই পরীক্ষা ২৩ ফেব্রুয়ারি থেকে হওয়ার কথা ছিল, কিন্তু প্রশাসনিক কারণে পরীক্ষা স্থগিত রাখা হয়। এবার এই পরীক্ষা হবে ৪টি সপ্তাহে। প্রথম ধাপের পরীক্ষা হবে ২৭ এপ্রিল থেকে ২ মে পর্যন্ত। দ্বিতীয় ধাপের পরীক্ষা হবে ৪ মে থেকে ৯ মে পর্যন্ত। তৃতীয় ধাপের পরীক্ষা হবে ১৮ মে থেকে ২৩ মে পর্যন্ত। চতুর্থ ধাপের এরপর ৬ পাতায়

## এইমস-এ নার্সিং, প্যারামেডিক্যাল কোর্স

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেসের কল্যাণী, নয়া দিল্লি-সহ সারা ভারতের বিভিন্ন এইমস-এ 'বি.এসসি. (অনার্স) নার্সিং', বি.এসসি. নার্সিং (পোস্ট এরপর ২ পাতায়

## সামনের ৯ মাসে ডিজিটাল মার্কেটিংয়ে ৮২,১১১ চাকরি

### মাইনে শুরু মাসে ৩০,০০০ টাকা থেকে

**উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়েদের**

**পারমিতা মিত্র, কলকাতা :** সম্প্রতি দেশের স্কিলড সেক্টরে আইটি প্রফেশনালস-এর কর্মসংস্থান নিয়ে, বিখ্যাত অডিট সংস্থা 'Ernst & Young' এর একটি অ্যানালিটিক্যাল রিপোর্টে দেখা গেছে, এই ৬ মাসে (এপ্রিল - সেপ্টেম্বর, ২০২৬) দেশের প্রায় ৭,৩৭৮টি সফটওয়্যার কোম্পানিতে প্রায় ৮২,১১১ জন 'ডিজিটালি স্কিলড কর্মী'র এরপর ৫ পাতায়

## কোলফিল্ডে ৫৭৭ অপারেটর

**নিজস্ব সংবাদদাতা, ভোপাল :** কোল ইন্ডিয়ার সহায়ক সংস্থা নর্দার্ন কোল ফিল্ডস লিমিটেড 'ডাম্পার অপারেটর (ট্রেনি)', 'গ্রেডার অপারেটর (ট্রেনি)', 'ডোজার অপারেটর (ট্রেনি)', 'ক্রেন অপারেটর (ট্রেনি)', 'পে লোডার অপারেটর (ট্রেনি)' ও 'সারফেস মাইনর অপারেটর (ট্রেনি)', স্টাফ নার্স, টেকনিশিয়ান, অবর্জার্ভার (সিভিল) পদে ৫৭৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ডাম্পার অপারেটর (ট্রেনি) :** মাধ্যমিক পাশরা ভারী গাড়ি চালানো কিংবা ট্রান্সপোর্ট লাইসেন্স থাকলে যোগ্য। এরপর ২ পাতায়

### কেন্দ্রীয় সরকারের বর্ডার রোডস অর্গানাইজেশনে

## ৮৮৯ অপারেটর ও স্টোরকীপার

**নিজস্ব প্রতিনিধি, পুণে :** কেন্দ্রীয় সরকারের সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক মন্ত্রকের অধীন বর্ডার রোডস অর্গানাইজেশনের জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্স 'ড্রাফটসম্যান', 'স্টোরকীপার টেকনিক্যাল', 'অপারেটর (কমিউনিকেশন)', 'ইলেক্ট্রিশিয়ান', 'অপারেটর এক্সাভেটিং মেশিনারি' পদে ৮৮৯ জন ছেলে নিচ্ছে। এরপর ২ পাতায়

### নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে

## ৩৩০ এক্সিকিউটিভ ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই :** নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড 'এক্সিকিউটিভ ট্রেনি' পদে ৩৩০ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব শাখায় : মেকানিক্যাল, কেমিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন, সিভিল।

ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন, মেকানিক্যাল, কেমিক্যাল, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি (বি.ই. / বি.টেক. / বি.এসসি. ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট এরপর ৩ পাতায়

### কর্মসংস্থান পত্রিকার উদ্যোগে উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে

## বহরমপুরে কেরিয়ার ফেয়ারে ছিল ছাত্রছাত্রীদের উপচে পড়া ভিড়

**নিজস্ব সংবাদদাতা, বহরমপুর :** মুর্শিদাবাদ জেলার বহরমপুরে 'কেরিয়ার ফেয়ার'এ ভিড় উপচে পড়ল। উচ্চমাধ্যমিক পাশ করে কোন পেশায় গেলে উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে উঠবে কিংবা গ্র্যাজুয়েট হওয়ার পর চাকরি বা, কর্মমুখী কোন পেশায় গেলে ভবিষ্যৎ উজ্জ্বল হবে, তা নিয়ে 'কর্মসংস্থান' পত্রিকা, Appointment & Career News, সুখবর দৈনিক পত্রিকার উদ্যোগে ১০ ও ১১ এপ্রিল মুর্শিদাবাদ জেলার বহরমপুরে 'জলসাঘর'এ 'কেরিয়ার ফেয়ার-২০২৬' হয়। মুর্শিদাবাদ জেলার উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী, উচ্চমাধ্যমিক পাশ ও গ্র্যাজুয়েট শত শত পরীক্ষার্থী লাইন দিয়ে নাম রেজিস্ট্রেশন করে কেরিয়ার ফেয়ার ঘুরে দেখেন। উল্লেখ্য, এই কেরিয়ার ফেয়ারে দেশের প্রায় ৪০টি এরপর ৭ পাতায়


গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন

রেলের গ্রুপ 'ডি'

ও

WBCS প্রিলিমিনারি

পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :

6291684943

সাফল্য সাধারণ জ্ঞান

সাফল্য

প্রতিটি মাত্র ৩০/- টাকা

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

**স্কুল-কলেজ-শিক্ষা**

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.
R

**স্কুল-কলেজ-শিক্ষা**

WBCS, TET, CGL,CHSL, MTS, পুলিশ, জিডি (মাসিক বেতনে) কৃষ্ণনগর, শিয়ালদা M-7584006555
SH

ম্যাজিক, মেন্টালিজম, নাচ, গান ও কথাবলা পুতুল শিখে মানুষের মনোরঞ্জন করে উপার্জন করুন। 'সমাজ বন্ধু' M : 9444423363
K

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213
CM

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম সহ যাবতীয় প্রমাণপত্রের এককপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

**কর্মখালি**

আসানসোল, রানিগঞ্জে রেল, ব্যাঙ্ক, কোলিয়ারীতে স্থায়ী পদে নিয়োগ চলছে। যোগাযোগ M: 9332833022
SH

**URGENT VACANCY**
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে স্থায়ী কাজ। M/F উভয়েই আবেদনযোগ্য। মাধ্যমিক- স্নাতক, বেতন: 18,000/- – 65,000/-, থাকা ও খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি ও বোনাস। M : +91 92425 79315
SA(A)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

**কর্মখালি**

**আর্জেন্ট জয়েনিং**
WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন সরকারি পোস্টে নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 24,300/-– 72,900/-. H.R.- 7407352301
SA

**100% জব ভ্যাকান্সি**
কলকাতা মেট্রোরেলে জরুরীভিত্তিক বিভিন্ন পদে M/F স্থায়ী নিয়োগ চলছে। যোগ্যতা : (M.P – স্নাতকোত্তর)। বেতন : (18,500 – 62,900), PF, ESI, বোনাস-সহ বিশেষ সুবিধা। M : 9073791630
SA(A)

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 7890135514

**কর্মখালি**

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–48000) OT-সহ অন্যান্য সুবিধা। 9830938943
SP

**বিশেষ বিজ্ঞপ্তি**
'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেইদায়ী নয়।
— সম্পাদক, কর্মসংস্থান

**কর্মখালি**

**JOB VACANCY**
East-West মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: H.S-স্নাতক ও উর্ধ্বে। বয়স : 18–45, বেতন : (21500 – 68900), M : 9073216314
SA(A)

**চাকরির জন্য টাকা দেবেন না**
বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।
— সম্পাদক, কর্মসংস্থান

## কোলফিল্ডে ৫৭৭ অপারেটর

১ পাতার পর

বেসিক পে ১,৫০২.৬৬ টাকা। শূন্যপদ : ৩০৮টি (জেনাঃ ১২৩, ই.ডব্লু.এস. ৩০, তঃজাঃ ৬০, তঃউঃজাঃ ১৯, ও.বি.সি. ৮০)।

**গ্রেডার অপারেটর (ট্রেনি) :** মাধ্যমিক পাশরা ভারী গাড়ি চালানো কিংবা ট্রান্সপোর্ট লাইসেন্স থাকলে যোগ্য। বেসিক পে ১,৫০২.৬৬ টাকা। শূন্যপদ : ৩৪টি (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৮)।

**ডোজার অপারেটর (ট্রেনি) :** মাধ্যমিক পাশরা ভারী গাড়ি চালানো কিংবা ট্রান্সপোর্ট লাইসেন্স থাকলে যোগ্য। বেসিক পে ১,৫০২.৬৬ টাকা। শূন্যপদ : ৫২টি (জেনাঃ ২২, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১৩)।

**ক্রেন অপারেটর (ট্রেনি) :** মাধ্যমিক পাশরা ভারী গাড়ি চালানো কিংবা ট্রান্সপোর্ট লাইসেন্স থাকলে যোগ্য। বেসিক পে ১,৫০২.৬৬ টাকা। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৩, ও.বি.সি. ৪)।

**পে লোডার অপারেটর (ট্রেনি) :** মাধ্যমিক পাশরা ভারী গাড়ি চালানো কিংবা ট্রান্সপোর্ট লাইসেন্স থাকলে যোগ্য। বেসিক পে ১,৫০২.৬৬ টাকা। শূন্যপদ : ১৮টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ৩, ও.বি.সি. ৪)।

**সারফেস মাইনর অপারেটর (ট্রেনি) :** মাধ্যমিক পাশরা ভারী গাড়ি চালানো কিংবা ট্রান্সপোর্ট লাইসেন্স থাকলে যোগ্য। বেসিক পে ১,৫০২.৬৬ টাকা। শূন্যপদ : ৪৩টি (জেনাঃ ১৯, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১০)।

**স্টাফ নার্স (ট্রেনি) :** বি.এসসি নার্সিং বা, জি.এন.এম. নার্সিং কোর্স পাশরা যোগ্য। রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বেসিক পে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ : ৪৭টি (জেনাঃ ২১, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১১)।

**ফার্মাসিস্ট (ট্রেনি) :** সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা ফার্মাসির ডিপ্লোমা কোর্স পাশ হলে ও ফার্মাসি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বেসিক পে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।

**টেকনিশিয়ান (প্যাথোলজি) (ট্রেনি) :** প্যাথোলজির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বেসিক পে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ : ১২টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, ও.বি.সি. ৩)।

**টেকনিশিয়ান (ডেন্টাল) (ট্রেনি) :** উচ্চমাধ্যমিক পাশরা ডেন্টাল টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বেসিক পে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

**ফিজিওথেরাপিস্ট (ট্রেনি) :** ফিজিওথেরাপির ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বেসিক পে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১)।

**টেকনিশিয়ান (রিফ্র্যাকশন / অপ্টোমেট্রি) (ট্রেনি) :** উচ্চমাধ্যমিক পাশরা রিফ্র্যাকশন / অপ্টোমেট্রির ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বেসিক পে ৪৭,৭৭৫.৫৫ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**টেকনিশিয়ান (রেডিওগ্রাফার) (ট্রেনি) :** রেডিওগ্রাফির ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। বেসিক পে ৪৭,৭৭৫.৫৫ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ)।

**জুনিয়র টেকনিশিয়ান (ই.সি.জি.) (ট্রেনি) :** উচ্চমাধ্যমিক পাশরা ই.সি.জি. টেকনিশিয়ানের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। বেসিক পে ৪৭,৭৭৫.৫৫ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

**অবজার্ভার (সিভিল) :** মাধ্যমিক পাশরা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। বেসিক পে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ১৪, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৭)।

সব পদের বেলায় বয়স হতে হবে ১-৫-২০২৬'এর হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ৩ বছরের প্রবেশন। সফল হলে মূল মাইনে পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : NCL / SING /HR / Direct-Recruitment/2026-27/125, Date: 06-04-2026.

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। ১০০ নম্বরের ৯০ মিনিটের পরীক্ষায় থাকবে টেকনিক্যাল বিষয়ে ৭০ নম্বর আর জেনারেল বিষয়ে ৩০ নম্বর। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। লিখিত পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৫০% (তপশিলী হলে ৪০%, ও.বি.সি. হলে ৪৫%) নম্বর পেলে সফল হবেন। সফলদের তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.nclcil.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার আর শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১৮০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৮৮৯ অপারেটর ও স্টোরকীপার

১ পাতার পর

কারা কোন পদের জন্য যোগ্য।

**কোড নং 01: ড্রাফটসম্যান :** বিজ্ঞান বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে আর্কিটেকচার বা, ড্রাফটসম্যানশিপের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ড্রাফটসম্যান (সিভিল) ট্রেডে ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট কোর্স পাশরা ১ বছরের অভিজ্ঞতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। শূন্যপদ :৪২টি (জেনা: ২৪, তঃজাঃ ৫, ও.বি.সি. ১০, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)।

**পোস্ট কোড 03: স্টোরকীপার টেকনিক্যাল।** উচ্চমাধ্যমিক পাশরা ভেহিক্যাল বা, ইঞ্জিন সংক্রান্ত যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণের কজে জ্ঞান থাকলে যোগ্য। স্টোর্সের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ৩০০টি (জেনা: ১৫১, ও.বি.সি. ৭৭, তঃজাঃ ৪৩, তঃউঃজাঃ ২২, ই.ডব্লু.এস. ৭)।

**কোড নং 04: অপারেটর (কমিউনিকেশন)।** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ওয়্যারলেস অপারেটর বা, রেডিও মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ২৬১টি (জেনা: ১১৪, তঃজাঃ ৪১, তঃউঃজাঃ ১৮, ও.বি.সি. ৮৩, ই.ডব্লু.এস. ৫)।

**কোড নং 05: অপারেটর এক্সকাভেটিং মেশিনারি (অর্ডিনারি গ্রেড) :** মাধ্যমিক পাশরা ভারী গাড়ি চালানোর বৈধ লাইসেন্স বা, ডোজার /এক্সকাভেটর চালানোর বৈধ লাইসেন্স থাকলে আবেদন করতে পারেন। ৬ মাস কাজের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ২০৭টি (জেনা: ১৩৫, তঃজাঃ ২০, ও.বি.সি. ৩৫, তঃউঃজাঃ ১৫, ই.ডব্লু.এস. ২)।

**কোড নং 06: ইলেক্ট্রিশিয়ান।** মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে অটো ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ৭৯টি (জেনা: ৩৮, তঃজাঃ ১০, ও.বি.সি. ১৯, তঃউঃজাঃ ৯, ই.ডব্লু.এস. ৩)।

**বয়স :** ওপরের সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর আর বিভাগীয় কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৫ সেমি, ফুলিয়ে ৮০ সেমি আর অন্তত ৫০ কেজি ওজন। সিকিম, ত্রিপুরা-সহ উত্তর পূর্বাঞ্চল ও দার্জিলিং জেলার পার্বত্য এলাকার বাসিন্দারা লম্বায় ৫ সেমি ও ওজনে ২.৫ কেজি ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে ভালো চোখে ৬/১২ ও খারাপ চোখে ৬/৩৬ আর কাছের বেলায় ভালো চোখে ০.৬ বা, J2 ও খারাপ চোখে 1 বা, J6. ড্রাইভার পদের বেলায় চশমা ছাড়া দু'চোখে ৬/১২, ভালো চোখে ৬/৬ কিংবা খারাপ চোখে ৬/৩৬। কাছের বেলায় চশমা ছাড়া ভালো চোখে ০.৬ বা, J2 ও খারাপ চোখে 1 বা, J6. মহিলারা কোনো পদেই আবেদনের যোগ্য নন। এই পদের বিজ্ঞপ্তি নং : ০১/ ২০২৬।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা, শারীরিক সক্ষমতার পরীক্ষা, প্র্যাক্টিক্যাল টেস্ট ও ডাক্তারি পরীক্ষা হবে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ও ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন হবে টেকনিক্যাল ও সংশ্লিষ্ট শাখার ওপর। লিখিত পরীক্ষায় ৫০% (তপশিলী হলে ৪০%) নম্বর পেলে সফল হবেন। মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীকে এরপর শারীরিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে। এই পরীক্ষায় ১০ মিনিটে ১ মাইল (১.৬ কি.মি) দৌড়তে হবে। এরপর প্র্যাক্টিক্যাল টেস্ট ও ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম পাবেন, এই ওয়েবসাইটে : www.bro.gov.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। দরখাস্তের শেষ তারিখ ওয়েবসাইটেই পাবেন।

## এইমস-এ নার্সিং

১ পাতার পর

বেসিক)', 'বি.এসসি অ্যালায়েড ও হেলথ কেয়ার' কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। কারা কোন কোর্সে ভরতির জন্য যোগ্য :

**বি.এসসি (অনার্স) নার্সিং :** ইংরিজি, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ৪ বছরের কোর্স। সীট ১,৩৬৬টি।

**বি.এসসি নার্সিং (পোস্ট বেসিক) :** উচ্চমাধ্যমিক পাশরা জি.এন.এম. কোর্স পাশ হলে আর রাজ্য বা, কেন্দ্রীয় নার্সিং কাউন্সিলে নার্স হিসাবে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। ২ বছরের কোর্স। সীট ৫০টি।

**বি.এসসি অ্যালায়েড ও হেলথ কেয়ার :** পড়ানো হবে এইসব কোর্স : মেডিক্যাল রেডিওলজি অ্যান্ড ইমাজিন টেকনোলজি, ডেন্টাল অপারেটিং রুম অ্যাসিস্ট্যান্ট, ডেন্টাল হাইজিন, এম.আর.আই.টি, অপারেশন থিয়েটার, রেডিওথেরাপি, মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান, মেডিক্যাল ডায়ালিসিস থেরাপি, এম.এল.টি, নিউরো টেকনোলজি, পারফিউশন টেকনোলজি, অপ্টোমেট্রি, অপারেশন থিয়েটার টেকনোলজি, ইউরোলজি টেকনোলজি-সহ প্রায় ৮৮টি কোর্স। সাড়ে ৩ থেকে ৪ বছরের কোর্স। সারা ভারতে সীট ৭২৫টি।

প্রার্থী বাছাই করবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস, নয়া দিল্লি। এজন্য প্রথমে এন্ট্রান্স টেস্ট হবে। বি.এসসি. অনার্স নার্সিং কোর্সের বেলায় ২৭ জুন, বি.এসসি. অ্যালায়েড ও হেলথ কেয়ার কোর্সের এন্ট্রান্স টেস্ট হবে ৪ জুলাই আর বি.এসসি. নার্সিং (পোস্ট-বেসিক) কোর্সের পরীক্ষা হবে ৩০ মে। পরীক্ষা হবে কলকাতা-সহ সারা ভারতের বিভিন্ন কেন্দ্রে।

বি.এসসি. অনার্স নার্সিং কোর্সে ১০০ নম্বরের ২ ঘন্টার পরীক্ষায় থাকবে এইসব বিষয় : ফিজিক্স -৩০ নম্বর, কেমিস্ট্রি -৩০ নম্বর, বায়োলজি -৩০ নম্বর, জেনারেল নলেজ -১০ নম্বর।

বি.এসসি. অ্যালায়েড ও হেলথ কেয়ার কোর্সে দেড় ঘন্টার অবজেক্টিভ টাইপের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, অঙ্ক। পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্সের বেলায় ৯০ মিনিটের ৭০টি প্রশ্ন হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.aiimsexams.ac.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২,০০০ (তপশিলী, ই.ডব্লু.এস. হলে ১,৬০০) টাকা অনলাইনে জমা দিতে হবে। প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্টকরে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# কীভাবে ইতিহাসে গ্র্যাজুয়েট হয়েও ডিজিটাল মার্কেটিংয়ে হ্যান্ডসাম মাইনের চাকরি পেলাম



রবিকান্ত সিং
ডিজিটাল মার্কেটার

আমি, রবিকান্ত সিং, ২০২৩ সালে ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে ইতিহাসে গ্র্যাজুয়েশন (বিএ) পাশ করি। তারপর দীর্ঘ ২ বছর ধরে চাকরির খোঁজে ইন্টারভিউ দিয়েছি। কোথাও আমাকে 'রিজেক্ট' করেছে — কোথাও আমি 'রিজেক্ট' করেছি। কিন্তু একটা কোথাও আশা ছিল, 'কর্মসংস্থান' আমার হবেই। কিন্তু কীভাবে? উত্তরটা পেলাম ২০২৫ সালের মাঝামাঝি। আমি দীর্ঘদিন ধরে প্রতি সপ্তাহে 'কর্মসংস্থান' কাগজটা পুরোটা হাতে নিয়ে পড়ি। এখানেই প্রথম জানতে পারলাম 'ডিসান অ্যাকাডেমি'র কথা। যখন থেকে চাকরি খুঁজছি, তখন থেকেই আমি চাইছিলাম নিজের মতো করে কাজ করতে। আমার প্রায়োরিটি ছিল ভালো প্যাকেজের সাথে প্রথম সারির কোনো কোম্পানিতে কেরিয়ার শুরু করা। যা কিছুতেই হচ্ছিল না। কিন্তু চাকরি আমাকে পেতেই হত। কারণ পরিবারের আর্থিক অনটন। তাই যখন সাপ্তাহিক কর্মসংস্থান কাগজে ডিসান অ্যাকাডেমির কথা জানতে পারলাম, সরাসরি ওখানেই ফোন করি। ওঁনারা অফিসে যেতে বলেন। সল্টলেকে ওঁনাদের অফিসে যেদিন আমি গেছিলাম, সেদিন আমার মতোই অনেককে ওখানে দেখে খুব অবাক হয়েছিলাম। ৪ থেকে ৬ মাসের মধ্যে কম্পিউটার সায়েন্স বা ইনফরমেশন টেকনোলজি নিয়ে যারা কেরিয়ার গড়তে চায়, তাদের জন্য একদম আদর্শ জায়গা। ওখানকার ট্রেইনড কাউন্সিলররা আমার কাউন্সেলিং করেন। ঠিক কি ধরনের কোর্সের ট্রেনিং নিলে, আমি ৪ থেকে ৬ মাসের মধ্যে আমার স্বপ্নের আইটি ইন্ডাস্ট্রিতে ভালো মাইনের চাকরি পাব, তার একটা গাইডলাইন প্রথম দিনই আমি পেয়ে গেছিলাম। আমি ইতিহাসের ব্যাকগ্রাউন্ড থেকে আসলেও, ওখানকার কাউন্সেলিংয়ের পর আমার মনে হয়েছিল 'আমি পারব'। কাউন্সিলারদের পরামর্শ মত আমি Digital Marketing কোর্সে ভর্তি হই। এটি ৬ মাসের কোর্স। এখানে মূলত SEO, Website Design, Blogging, Facebook-Insta Promotional Marketing, Webpage handling, Webpage designing ইত্যাদি কী টেকনোলজিস-এর ওপর স্পেশাল ট্রেনিং দেওয়া হয়। আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা কোর্স এটি। সফটওয়্যার ও আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে পৃথিবীর অন্যতম সেরা রেটিং সংস্থা ডেলয়েট এলএলসি-এর মতে আগামী ২ বছরের মধ্যে ওয়েব ডেভেলপারের চাকরির সংখ্যা (শুধুমাত্র আমাদের রাজ্যেই এখন বছরে ১০-১২ হাজার লোক লাগে) ২৬% বৃদ্ধি পাবে। অর্থাৎ, এই কোর্স নিয়ে পড়লে নিশ্চিত চাকরি পাবে। আর ভবিষ্যতে ভালো মাইনেও পাওয়া যায়। প্রথম সারির আইটি বা সফটওয়্যার কোম্পানিতে এই ট্রেডের লোকের বিশাল চাহিদা। কারণ এরা মডার্ন, ডায়নামিক ও স্কেলেবেল ওয়েব অ্যাপ্লিকেশন অত্যন্ত সুচারুভাবে নিমেশে তৈরি করে দিতে পারে — যা কোম্পানিকে তার প্রতিযোগীদের থেকে অনেকটাই এগিয়ে দেয়। ডিসানে এই সব বিষয় সেরা ট্রেনিং দেওয়া হয়। এবছরে আমার ট্রেনিং শেষ হয়। শেষ হওয়ার আগেই আমি একটি নামী সংস্থায় অ্যাপ্রেন্টিস বা ট্রেনি হিসাবে জয়েন করি। তখন থেকেই আমি মাসে রীতিমতো হ্যান্ডসাম স্টাইপেন্ড পেতাম। ৬ মাস পর আমি কলকাতার একটি নামী ফাইনান্সিয়াল সংস্থায় ডিজিটাল মার্কেটার হিসাবে চাকরি পাই। এখন আমি বছরে ৩,০০,০০০ টাকা রোজগার করি — যা আমার কলেজের ব্যাচমেটদের মধ্যে কেউ রোজগার করে না। অর্থাৎ, একটা জিনিস পরিষ্কার যে, ঠিকঠাক-জায়গা থেকে ট্রেনিং নিলে আমার মতো তোমাদের স্বপ্নও সফল হবে।

**কিভাবে বুঝব যে ঠিক জায়গা থেকে ট্রেনিং নিচ্ছি**

আমি যখন ডিসান অ্যাকাডেমিতে গেছিলাম তখন ভর্তি হওয়ার আগে যে জিনিসগুলি দেখেছিলাম তা হল — (১) একমাত্র এখানেই আইটি বা সফটওয়্যার ইন্ডাস্ট্রিতে যেসব বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়, সেগুলির ওপরেই এখানকার কোর্সগুলো ডিজাইন করা। অর্থাৎ, এখান থেকে পাশ করলেই সুনিশ্চিত প্লেসমেন্ট। (২) ট্রেনিংয়ের মধ্যেই নামী কোম্পানিতে ট্রেনি হিসাবে ইন্টার্নশিপ ও তার জন্য একটি স্টাইপেন্ডও দেওয়া হয়। (৩) এখানকার সঙ্গে সেরা সেরা সফটওয়্যার কোম্পানিগুলির স্ট্র্যাটেজিক টাই আপ। (৪) অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। (৫) সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনার। (৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাস। (৯) ঠিকঠাক কোর্স ফি। আমার মত তোমরাও যদি ৪ থেকে ৬ মাসের মধ্যে ট্রেনিং নিয়ে ভালো মাইনের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ কর এই ফোন নম্বরে : 9429691888.

# ৬০ দিনের প্রস্তুতিতে নার্সিং জয়েন্টে সাফল্য !

আর হাতে গোনা মাত্র ষাটটি দিন, তারপরেই মহারণাঙ্গনে উপস্থিত হবেন আমাদের রাজ্যের কয়েক লক্ষ পড়ুয়া এবছরের 'পশ্চিমবঙ্গ নার্সিং জয়েন্ট' পরীক্ষায় বসবার জন্য। হ্যাঁ, আপনারা ঠিকই ধরেছেন; আগামী ১৪ই জুন (২০২৬) প্রস্তাবিত পরীক্ষাটি অনুষ্ঠিত হবে।

এই স্বল্প সময়ের ব্যবধানে কীভাবে প্রস্তুতি নিলে সাফল্য লাভ সম্ভব সে ব্যাপারে সকলের উদ্বেগ নিরসনে এবং একচান্সে সাফল্য এনে দিতে 'ক্যাসেস এডুকেশন', কলকাতা আয়োজন করেছে 'ক্যাসেস সাকসেস নার্সিং জয়েন্ট' এই ক্র্যাশ কোর্সটি। এই কোর্সে একবার ভর্তি হয়ে টিম ক্যাসেসের অভিজ্ঞ ও পেশাদার প্রশিক্ষক মণ্ডলীর (নার্সিং এক্সপার্ট) সান্নিধ্যে এলেই, সে যত নিম্ন মেধার ছাত্র বা ছাত্রীই হোন না কেন, সাফল্য অবধারিত। বিশেষজ্ঞমণ্ডলীর তত্ত্বাবধানে প্রতিটি বিষয়ের উপর (বিশেষত স্কোরিং পেপারগুলিকে পাখির চোখ করে) পাঠদান করা হয়। চরম পেশাদারিত্বের আঙ্গিকে অন্যান্য সকল প্রফেশনাল পরীক্ষার প্রস্তুতির মতো এখানেও মক্‌টেস্ট, ইনস্ট্যান্ট মক্‌টেস্ট (IMT), ডাউট ক্লিয়ারিং, স্কোরিং পেপার অ্যানালিসিস, সম্ভাব্য প্রশ্নের ট্রেন্ড বিশ্লেষণ প্রভৃতি সুচারুরূপে করা হয়। বিগত ১০ বছরের প্রশ্নপত্র বিশ্লেষণ করে সম্ভাব্য প্রশ্নের যে তালিকা হবু পরীক্ষার্থীদের হাতে তুলে দেওয়া হয় তার থেকে ৮০% প্রশ্ন কমন আসবেই আসবে। শর্টকাট্ মেথডের সাথে সাথে কঠিন বিষয়গুলিকে সহজ করে বোঝানোর বিশেষ পদ্ধতিও অবলম্বন করা হয়।

তাই আপনার সন্তানের মূল্যবান ভবিষ্যতের কথা চিন্তা করে ও নার্সিংয়ের মতো এক পবিত্র ও সম্মানজনক পেশাকে জীবনের মূলমন্ত্র করতে আজই চলে আসুন আমাদের কার্যালয়ে। সকল প্রকার প্রস্তুতি সহায়তায় ক্যাসেস এডুকেশন, 35 APC Road, Kol-9 (জগৎ সিনেমার কাছে)। WAPP : 9123325910, 9062756906. বিঃদ্রঃ ফোন করিবার সময় — 10 am to 8 pm.

## কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের টাইপিং টেস্ট

স্টাফ সিলেকশন কমিশনের ২০২৫ সালের কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের ১০ এপ্রিলের সেকেন্ড শিফটের যে টাইপিং টেস্ট / স্কিল টেস্ট হওয়ার কথা ছিল, তা হবে ২২ এপ্রিল। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ১৭ এপ্রিল থেকে।

## ভারতের নামী বিশ্ববিদ্যালয় থেকে Ph.D. করে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসাবে চাকরি সুযোগ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ভারতের নামী বিশ্ববিদ্যালয় থেকে Ph.D করার সুযোগ এখন হাতের মুঠোয়। মাস্টার ডিগ্রি হোল্ডার্স Non-NET প্রার্থীদেরও গাইড করা হবে। ফ্রেশার বা, কর্মরত ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। লিমিটেড সীট আছে। আমাদের বিশেষত্ব : (১) ইউনির্ভাসিটি অ্যান্ড সুপারভাইজর শর্টলিস্টিং, (২) রিসার্চ প্রোপোজাল ও SOP সাপোর্ট, (৩) এন্ট্রান্স এক্সাম ও ইন্টারভিউ প্রিপারেশন, (৪) ফেলোশিপ ও ফান্ডিং অ্যাসিস্ট্যান্ট, (৫) স্ট্রং রিসার্চ ইন্টারেস্ট। আগ্রহী প্রার্থীরা বিস্তারিত জানতে এখনই যোগাযোগ করুন এইঠিকানায়: অ্যাডমিশন গাইডেন্স, বালি, হাওড়া। ফোন : 9038011392

## চাকরির টুকরো খবরাখবর

**ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া** চিফ জেনারেল ম্যানেজার পদে লোক নিচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.nhai.gov.in

■

**নিউ ম্যাঙ্গালোর পোর্ট অথরিটি** বিভিন্ন পদে কিছু লোক নিচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.newmangaloreport.gov.in

■

**রেল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি** ম্যানেজার, জেনারেল ম্যানেজার ইত্যাদি পদে কিছু লোক নিচ্ছে। অনলাইনে দরখাস্ত করার শেষ তারিখ ৬ মে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://kride.in/careers

■

**কেন্দ্রীয় সরকারের ফরেস্ট ও ওয়াইল্ডলাইফ** ফরেস্ট রেঞ্জার পদে ২ জন লোক নিচ্ছে। দরখাস্ত করার শেষ তারিখ ১৫ মে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://tinyurl.com

## এন.ডি.এ.'র ফল বেরোল

ইউ.পি.এস.সি.'র ২০২৫ সালের ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি ও ন্যাভাল অ্যাকাডেমির চূড়ান্ত ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.upsc.gov.in সফল হয়েছেন ৭৪২ জন প্রার্থী।

## স্টেট ব্যাঙ্কে ১৮ হাজার ক্লার্ক

১ পাতার পর

খাতে রেকর্ড সংখ্যক কর্মী ছাঁটাই হয়েছে। এই পরিস্থিতিতে স্টেট ব্যাঙ্কে প্রায় ১৮ হাজার শূন্যপদ পূরণ একটি ইতিবাচক দিক। গত ১০ বছরে স্টেট ব্যাঙ্কে এত শূন্যপদে নিয়োগ হয়নি।

গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ২০ থেকে ২৮ বছরের মধ্যে বয়স থাকলে 'জুনিয়র অ্যাসোসিয়েটস (কাস্টমার সাপোর্ট অ্যান্ড সেলস)' পদের জন্য যোগ্য। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইনে প্রিলিমিনারি পরীক্ষা হবে। তাতে সফল হলে অনলাইনে মেন পরীক্ষা। তাতে সফল হলে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ।

গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ২১ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে 'প্রবেশনারি অফিসার' পদের জন্য যোগ্য। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে। সফল হলে মেন পরীক্ষা। তারপর গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ।

অন্যান্য অফিসার ও লোকাল ব্যাঙ্ক অফিসার পদের বেলায় যোগ্যতা দরকার গ্র্যাজুয়েট ডিগ্রি। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে।

ওপরের ওইসব পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি বেরোলে যথাসময়ে 'কর্মসংস্থান' পত্রিকায় দেওয়া হবে। এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://bank.sbi/careers, https://sbi.co.in /careers

## ১,০৫৫ সার্ভেয়র

১ পাতার পর

লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**মাইনিং সির্দার :** মাধ্যমিক পাশরা ডি.জি.এম.এস. থেকে বৈধ মাইনিং সির্দারশিপ সার্টিফিকেট, বৈধ গ্যাস টেস্টিং ও বৈধ ফার্স্ট এড সার্টিফিকেট থাকলে যোগ্য। মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা ডি.জি.এম.এস.'এর দেওয়া ওভারম্যান কম্পিটেন্সি সার্টিফিকেট আর বৈধ গ্যাস টেস্টিং ও ফার্স্ট এড সার্টিফিকেট থাকলেও আবেদন করতে পারেন। বেসিক মাইনে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ :৫৭৭টি (জেনাঃ ২২৫, ও.বি.সি. ৯৮, তঃজাঃ ১১০, তঃউঃজাঃ ৮৬, ই.ডব্লু.এস ৫৮)।

**ডেপুটি সার্ভেয়র :** মাধ্যমিক পাশ কিংবা মাইনিং/মাইন সার্ভেয়িংয়ের ডিগ্রি/ডিপ্লোমা কোর্স পাশরা ডি.জি.এম.এস. থেকে বৈধ মাইন্স সার্ভে সার্টিফিকেট অফ কম্পিটেন্সি কোর্স পাশ করে থাকলে আবেদন করতে পারেন। বেসিক মাইনে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ :৪৩টি (জেনাঃ ১৮, ও.বি.সি. ৭, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৬, ই.ডব্লু.এস ৪)।

**অ্যাসিস্ট্যান্ট ফোরম্যান (ইলেক্ট্রিক্যাল) :** মাধ্যমিক পাশরা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। পারিশ্রমিক মাসে ৪৭,৩৩০.২৫ টাকা। শূন্যপদ : ৪৩৫টি (জেনাঃ ১৭৪, ও.বি.সি. ৭৪, তঃজাঃ ৮৩, তঃউঃজাঃ ৮১, ই.ডব্লু.এস ৪৩)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ৮-৪-২০২৬'র হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ওবিসিরা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। বিজ্ঞপ্তি নং : SECL/HR/MP/Recruitment /2026/166, Date: 08-04-2026.

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। ১০০ নম্বরের ৯০ মিনিটের পরীক্ষায় থাকবে টেকনিক্যাল বিষয়ে ৮০ নম্বর আর জেনারেল বিষয়ে ২০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং নেই। সফলদের তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে। লিখিত পরীক্ষায় সাধারণ প্রার্থীরা ৪৫% (তপশিলী হলে ৩৫%, ও.বি.সি. হলে ৪০%) নম্বর পেলে সফল হবেন। কোনো ইন্টারভিউ নেই।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : https://secl-cil.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে। অনলাইনে দরখাস্ত করার আগে পরীক্ষা ফী বাবদ ১,১৮০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ৩৩০ এক্সিকিউটিভ ট্রেনি

১ পাতার পর

অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার জন্য আবেদন করতে পারেন।

তবে প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা মেকানিক্যাল শাখার জন্য, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, বা, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা ইন্সট্রুমেন্টেশন শাখার জন্য, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা ইলেক্ট্রনিক্স শাখার জন্য, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা ইলেক্ট্রিক্যাল শাখার জন্য যোগ্য। সব ক্ষেত্রে প্রার্থীদের ২০২৪/২০২৫/ ২০২৬ সালের 'গেট' পরীক্ষায় স্কোর করে থাকতে হবে।

বয়স হতে হবে ৩০-৪-২০২৬'র হিসাবে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মোট শূন্যপদের মধ্যে জেনাঃ ১২৬, ই.ডব্লু.এস. ৩১, ও.বি.সি. ৯৭, তঃজাঃ ৫২, তঃউঃজাঃ ২৪। এর মধ্যে মেকানিক্যাল ১২৫টি (জেনাঃ ৪৮, ই.ডব্লু.এস. ১২, তঃজাঃ ২০, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ৩৭)। কেমিক্যাল ৪০টি (জেনাঃ ১৫, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১২)। ইলেক্ট্রিক্যাল ৬৫টি (জেনাঃ ২৫, ই.ডব্লু.এস. ৬, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৯)। ইলেক্ট্রনিক্স ৫০টি (জেনাঃ ১৯, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১৫)। ইন্সট্রুমেন্টেশন ১৫ (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪)। সিভিল ৩৫টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১০)।

শুরুতে ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ৭৪,০০০ টাকা। তাতে সফল হলে 'সায়েন্টিফিক অফিসার/সি' পদে চাকরি পাবেন। তখন মূল মাইনে : ৫৬,১০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : NPCIL/HQ/HRM/ET/2026/02.

প্রার্থী বাছাই হবে 'গেট' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর ইন্টারভিউ হবে। ইন্টারভিউয়ে সাধারণ প্রার্থীরা ৭০% আর ই.ডব্লু.এস., তপশিলী, ও.বি.সি.রা ৬০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। ইন্টারভিউয়ের কল লেটার ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ এপ্রিল পর্যন্ত, এই ওয়েবসাইটে : www.npcilcareers.co.in অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা (তপশিলী, মহিলা, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) অনলাইনে জমা দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# ২০২৬-এর মধ্যে ১৮ হাজার শূন্যপদে নিয়োগ করবে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

**স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ২০২৬-'২৭ আর্থিক বর্ষে প্রায় ১৮ হাজার শূন্যপদে নিয়োগ করবে। গত ১০ বছরে এটি হল বৃহত্তম নিয়োগ। শূন্যপদ আছে জুনিয়র অ্যাসোসিয়েটস বা, ক্ল্যারিক্যাল পদে প্রায় ১৪ হাজার, প্রবেশনারি অফিসার পদে প্রায় ৩ হাজার আর অন্যান্য অফিসার ও লোকাল ব্যাঙ্ক অফিসার পদে প্রায় দেড় হাজার। দরখাস্ত নেওয়ার বিজ্ঞপ্তি এবছরই যে কোনোদিন বেরোবে। পরীক্ষার প্রস্তুতির জন্য হাতে থাকবে মাত্র কয়েক মাস সময়। প্রস্তুতির ব্যাপারে অবহেলা করে সুযোগ নষ্ট করবেন না। এই পরীক্ষায় কোন কোন বিষয় থাকবে ও তার জন্য কীভাবে সব কিছু ভুলেপ্রস্তুতি নেবেন, সে বিষয়ে বিস্তারিত আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।**



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

কর্মসংস্থান নিয়ে বাড়তে থাকা উদ্বেগের মধ্যে চাকরিপ্রার্থীদের জন্য সুখবর নিয়ে এল স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া। চলতি আর্থিক বছরে রেকর্ড সংখ্যায় নতুন কর্মচারী নিয়োগ করার বিষয়ে পরিকল্পনা করছে দেশের এই শীর্ষস্থানীয় রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কটি। সম্প্রতি এমনই তথ্য প্রকাশ্যে উঠে এসেছে। দেশের বৃহত্তম ঋণ প্রদানকারী সংস্থা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার তরফে ২০২৬-২৭ আর্থিক বছরে ১৮০০০ নতুন কর্মচারী নিয়োগ করার বিষয়ে পরিকল্পনা করা হচ্ছে। বিগত প্রায় ১০ বছরের মধ্যে চলতি আর্থিক বছরে সর্বাধিক নতুন কর্মচারী নিয়োগ করার বিষয়ে চিন্তাভাবনা করছে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কটি। বিশেষ করে প্রযুক্তি শাখাকে শক্তিশালী করে তোলার লক্ষ্যে এই পদক্ষেপ নেওয়া হবে। প্রযুক্তি শাখাকে শক্তিশালী করে তোলার প্রচেষ্টার অংশ হিসাবেই ব্যাঙ্কের তরফে চলতি আর্থিক বছরে ১৬০০ সিস্টেম অফিসার নিয়োগ করা হবে।
সম্প্রতি প্রকাশ্যে উঠে আসা একটি রিপোর্ট অনুসারে, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার (এসবিআই) চেয়ারম্যান সিএস সেট্টি জানান, নিয়োগের এই পদক্ষেপ ব্যাঙ্কের প্রযুক্তি চালিত রূপান্তরের সঙ্গে সঙ্গতিপূর্ণ। ব্যাঙ্কের পরিষেবাকে আরও প্রযুক্তি নির্ভর ও অত্যাধুনিক করে তোলার প্রচেষ্টা করা হচ্ছে। চলতি বছরের নিয়োগের পরিকল্পনা প্রসঙ্গে তিনি আরও জানান, বিভিন্ন বিভাগ জুড়ে আমাদের মোট কর্মচারী নিয়োগের সংখ্যা হতে চলেছে প্রায় ১৮,০০০। এরমধ্যে প্রায় ১৩,৫০০ থেকে ১৪,০০০ জন সিঙ্গেল উইন্ডো অপারেটর পদে নিয়োগ (ক্লারিকাল রিক্রুটমেন্ট) করা হবে। অপরদিকে, একইসঙ্গে ৩০০০ জনকে প্রবেশনারি অফিসার ও স্থানীয় এলাকাভিত্তিক অফিসার পদে নিয়োগ করা হতে চলেছে।
এবিষয়ে এসবিআই-এর চেয়ারম্যান আরও জানান, যদিও ব্যাঙ্কের তরফে প্রযুক্তিগত ব্যয়ের সঙ্গে সম্পর্কিত পরিসংখ্যান প্রকাশ করা হয় না, তা সত্ত্বেও ডিজিটাল পরিষেবা উন্নত করে তোলার ক্ষেত্রে এটি বিনিয়োগের থেকে পিছিয়ে আসেনি। তিনি বলেন, 'এটি আমাদের প্রতিশ্রুতির বিষয়েও একটি ইঙ্গিত প্রদান করে যে, ব্যাঙ্কটির প্রযুক্তিগত ব্যয়, প্রযুক্তি চালিত পথের লক্ষ্য অর্জনের ক্ষেত্রে কোনো বাধা নয়।'
গত কয়েক বছরে কর্মসংস্থান বেতনভোগী ব্যক্তিদের জন্য একটি বড় উদ্বেগের কারণ হয়ে উঠেছে। কোভিড পরিস্থিতির পর থেকে ধারাবাহিকভাবে কর্মচারী ছাঁটাই করার দিকে অগ্রসর হয়েছে একাধিক কোম্পানি। বিশেষ করে প্রযুক্তি খাতে রেকর্ড সংখ্যায় কর্মচারী ছাঁটাই হতে দেখা গেছে। এমনকি ২০২৫ সালেও কর্মচারী ছাঁটাইয়ের ধারা অব্যাহত রয়েছে। ছাঁটাইয়ের তুলনায় নিয়োগের হার অনেক কমে গেছে। তবে, এই পরিস্থিতির মধ্যে এসবিআই-এর নিয়োগের ঘোষণা অবশ্যই ইতিবাচক হতে চলেছে।
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় (এসবিআই) কর্মী নিয়োগ পরীক্ষার প্রস্তুতি ঠিকভাবে নিতে হলে তোমাকে একটা স্মার্ট প্ল্যান ফলো করতে হবে।

**পরীক্ষার প্যাটার্ন বুঝে নাও**

এসবিআই পরীক্ষায় সাধারণত এইসব ধাপ থাকে:
প্রিলিমস (প্রাথমিক পরীক্ষা), মেনস (মূল পরীক্ষা)
(কিছু পোস্টে ইন্টারভিউ/গ্রুপ ডিসকাশন)
প্রধান সব বিষয়: কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড (গণিত)
রিজনিং এবিলিটি (যুক্তি), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (ইংরিজি)
জেনারেল অ্যাওয়ারনেস (সাধারণ জ্ঞান, বিশেষ করে ব্যাঙ্কিং)

**সঠিক বই ও রিসোর্স বেছে নাও**

জনপ্রিয় বই: কোয়ান্ট: আর এস আগরওয়াল
রিজনিং: আরিহান্ট পাবলিকেশন
ইংলিশ: ওয়ার্ন অ্যান্ড মার্টিন, সঙ্গে অনলাইন মক টেস্ট ব্যবহার করলে ভালো হবে।

**স্টাডি রুটিন বানাও**

একটা ব্যালান্সড রুটিন খুব জরুরি:
প্রতিদিন ৪-৬ ঘণ্টা পড়া
প্রতিটি বিষয়কে সময় দাও
দুর্বল বিষয়ে বেশি ফোকাস করো
উদাহরণ স্বরূপ: ১.৫ ঘণ্টা গণিত, ১.৫ ঘণ্টা রিজনিং, ১ ঘণ্টা ইংরিজি, ১ ঘণ্টা জেনারেল নলেজ

**নিয়মিত মক টেস্ট দাও**

সপ্তাহে অন্তত ২-৩টা মক টেস্ট
নিজের সব ভুল বিশ্লেষণ করো
টাইম ম্যানেজমেন্ট প্র্যাকটিস করো

**কারেন্ট অ্যাফেয়ার্স আপডেট রাখো**

প্রতিদিন নিউজ পড়ো (বিশেষ করে ব্যাঙ্কিং ও অর্থনীতি)
মাসিক কারেন্ট অ্যাফেয়ার্স PDF পড়ো

**শর্ট ট্রিকস ও ফর্মুলা শেখো**

গণিতের শর্টকাট খুব কাজে লাগে
রিজনিং-এ প্যাটার্ন চিনতে শেখো
কনসিস্টেন্সি সবচেয়ে গুরুত্বপূর্ণ
প্রতিদিন অল্প অল্প করে পড়ো
একদিনে বেশি পড়ে পরের দিন বাদ দিও না

**এক্সট্রা টিপস**

আগের বছরের প্রশ্নপত্র সলভ করো
টাইম বাউন্ড প্র্যাকটিস করো
নিজের নোটস বানাও
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া প্রবেশনারি অফিসার (পিও) ও আরও বেশ কিছু পদে ইন্টারভিউ রয়েছে। প্রস্তুতি ঠিকভাবে নিলে সিলেকশনের সুযোগ অনেক বেড়ে যায়। এটা শুধু জ্ঞান নয়, তোমার ব্যক্তিত্ব + কমিউনিকেশন + উপস্থিত বুদ্ধি-সব কিছুই দেখা হয়।

**ইন্টারভিউতে কী দেখা হয়?**

কমিউনিকেশন স্কিল (কথা বলার দক্ষতা)
কনফিডেন্স (আত্মবিশ্বাস), ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস
পার্সোনালিটি অ্যান্ড অ্যাপটিটিউড টেস্ট

**কী কী পড়বে?**

ব্যাঙ্কিং অ্যান্ড ইকোনমি
আরবিআই-এর কাজ কী
রেপো রেট, রিজার্ভ রেপো রেট
ইনফ্লেশন (মুদ্রাস্ফীতি)
ডিজিটাল ব্যাঙ্কিং (ইউপিআই, নেফ্‌ট, আরটিজিএস)
আরবিআই (রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া) সম্পর্কে ভালো ধারণা রাখো

**কারেন্ট অ্যাফেয়ার্স**

গত ৩-৬ মাসের গুরুত্বপূর্ণ খবর
বাজেট, ব্যাঙ্কিং নিউজ

**নিজের সম্পর্কে প্রস্তুতি**

সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ।
তুমি যেন কনফিডেন্টলি বলতে পারো:
'নিজের পরিচয়' (ইন্ট্রোডিউস ইউরসেলফ)
স্ট্রেন্থ অ্যান্ড উইকনেস
কেন ব্যাঙ্কিং জব করতে চাও?
কেন এসবিআই?

**সাধারণ প্রশ্ন প্র্যাকটিস করো**

নিজের সম্পর্কে বলো
কেন এসবিআই-এর কর্মী হিসাবে জয়েন করতে চাও?
তোমার দক্ষতা ও দুর্বলতাগুলো কি?
ইনফ্লেশন কি?
এনইএফটি ও আরটিজিএস-এর পার্থক্য কি?

**বডি ল্যাঙ্গুয়েজ অ্যান্ড বিহেভিয়ার**

চোখে চোখ রেখে কথা বলো
স্মাইল রাখো, সোজা হয়ে বসো
নার্ভাস হলে ধীরে ধীরে কথা বলো

**ড্রেস কোড ফরমাল ড্রেস (ক্লিন অ্যান্ড সিম্পল)**

বয়েজ: শার্ট+প্যান্ট
গার্লস: সালোয়ার সুট/ফর্মাল ওয়ার
মক ইন্টারভিউ দাও।
নিজের ভিডিও রেকর্ড করে দেখো কোথায় ভুল হচ্ছে, ভুল গুলি ঠিক করো।
ব্যাঙ্ক, রেল, ইউ.পি.এস.সি., ডব্লু.বি.সি.এস.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

# AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে ৪০,৩২২ চাকরি

১ পাতার পর

ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৬ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে AI বেসড ডিজিটাল মার্কেটিং মন দিয়ে শেখে, তাহলে এখানকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৯ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই। আবার আজকের দিনে দাঁড়িয়ে যদি কেউ AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ের সঙ্গে মার্কেটিং অটোমেশন-এর ট্রেনিং নেয়, তাহলে সে শুরুতেই বছরে ৪ থেকে ৫ লাখ টাকা প্যাকেজের চাকরি পাবে।'

**উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৬ মাসের মধ্যে বছরে ২,৪০,০০০ টাকা মাইনের চাকরি। পরে আরো ৩ মাসের মধ্যে বছরে ৪,০০,০০০ টাকা থেকে ৫,০০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি মাসে ৪০টি থেকে ৫০টি কোম্পানিতে ১,৫০০ থেকে ২,৫০০ চাকরি হয়।**

ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(I) SEO (Search Engine Optimization), (II) SMM (Social Media Management), (III) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। বয়স হতে হবে ৩০.০৪.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৩০ থেকে ৪০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে ডিজিটাল মার্কেটিংয়ে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশ্যাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর ওপর ৬ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (২) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা যেখানে ডিজিটাল মার্কেটিং-এর ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI মডিউলেটরদের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ডিজিটাল মার্কেটিং এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন **SEO**-র জন্য SEMrush বা Google Keyword Planner বা Ubersuggest-এর মত সফটওয়্যার ট্যুলস আবার **SMM**-এর জন্য Buffer বা Hootsuite-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৩) একমাত্র এখানে AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৪) এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও (Shopify / Wix / Word Press) শেখানো হয় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৫) এই প্রতিষ্ঠানের আরেকটি অনন্য দিক হল একমাত্র এখানেই Implementing Marketing Automation আলাদাভাবে শেখানো হয়। যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে এই মুহূর্তে শেখানো হয় না। এই ট্যুলস জানা থাকলে দেশের সেরা সেরা টেক জায়েন্ট যেমন TCS, Wipro, IBM, Cognizant, Capgemini-র ডিজিটাল টিম আপনাকে ডেকে চাকরি দেবে। কারণ, খুব কম সংস্থায় এই হাই লেভেল মার্কেটিং কোর্স শেখানো হয়। আর এই কোর্স শেখা থাকলে শুরুতেই মাইনে হবে নিজের মর্জি মাফিক। এই কোর্স করা থাকলে মোটামুটি শুরুতেই বছরে পাওয়া যাবে ৪,০০,০০০ থেকে ৫,০০,০০০ টাকার আকর্ষনীয় পে-প্যাকেজ। (৬) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেকনিক্যাল জায়েন্ট Google, Meta ও HubSpot-এর মতো কোম্পানির স্ট্র্যাটেজিক টাই-আপ থাকায় এখান থেকে পাশ করলে **Google Ad Specialisation, Meta Ad Specialisation, HubSpot Ad Specialisation** এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায় — যা অন্য কোথাও হয় না। (৭) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। যা ২ বছর পর বেড়ে মাসে ৬০,০০০ টাকা হয়। (৮) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৯) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার ট্যুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পায়। (১০) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১১) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১২) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৩) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তবে মনে রাখতে হবে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার ৫দিনের মধ্যে কোর্স ফি জমা না দিলে রেজিস্ট্রেশন ও অ্যাডমিশন দুটোই বাতিল হবে। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

# সামনের ৯ মাসে ডিজিটাল মার্কেটিংয়ে ৮২,১১১ চাকরি

১ পাতার পর

নিয়োগ হবে — যাদের বেসিক যোগ্যতা উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ। এই ব্যাপারে আমরা মতামত জানতে চেয়েছিলাম, রাজ্যের অন্যতম সেরা এডুকেশন ইনস্টিটিউশন ও স্কিলড প্রফেশনালস তৈরির কারিগর NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "দেখুন আজকের দিনে দাঁড়িয়ে যেকোনো ইন্টারভিউ বোর্ডে 'আমি জানি' বললে কেউ বিশ্বাস করে না — 'আমি করে দেখাতে পারি' বললে তবে আপনি সুযোগ পাবেন নিজেকে প্রমাণ করার। এতটাই কম্পিটিটিভনেস থাকলে তবে আপনার কেরিয়ার শুরুতেই ভালো কোম্পানিতে হতে পারে। আর ঠিক এখানেই দরকার স্কিলড প্রফেশনালস-এর। কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতোই স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখানকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২৫০'র বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখানকার ছেলেমেয়েরা ওইসব কোম্প্যানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**'এখানকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?**

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেনড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল ট্যুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio, যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (৯) এখানে ট্রেনিং-এর সময় এখানকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

> **পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০ জনেরও বেশি**

**এখানকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?**

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখানকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখানকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.


শিক্ষক-শিক্ষিকা চাই
Graduate (D.El.Ed.) Teacher Required.
Apply within 8 May.
Sri Ramakrishna Ashrama Institute.
Baruipur, Kol-144
Ph.: (033) 2433 8094
E-mail : srai1967.school@gmail.com

Institute of Paramedical Sciences and Research
Affiliated by Kalyani University
(Approved by the Department of Health & Family Welfare, Govt of West Bengal)
ভর্তি চলছে DMLT/BMLT
DPT/BPT ■ DCMS&ED
Paramedical Courses After 12th
www.ipsr.edu.in
Gorabazar, Berhampore
Murshidabad 742101
9434000676 / 8436-350351



গত সপ্তাহের পর

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ একনজরে

**২৬ জানুয়ারি :** বীরত্বের জন্য দেশের সর্বোচ্চ সম্মান 'অশোক চক্র' পেলেন ভারতীয় বায়ুসেনার গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা।

❑ প্রয়াত অস্ট্রেলিয়ান ক্রিকেটার স্যার ডন ব্র্যাডম্যানের ব্যাগি গ্রিন টুপি ভারতীয় মুদ্রায় ২.৯২ কোটি টাকায় নিলামে বিক্রি হল। অস্ট্রেলিয়ার পূর্বাঞ্চলীয় শহর গোল্ড কোস্টে আয়োজিত লয়েডস অকশনে এই টুপিটি উঠেছিল। ১৯৪৭-'৪৮ মরসুমে ভারতের বিপক্ষে টেস্ট সিরিজে টুপিটি পরেছিলেন ব্র্যাডম্যান। ঘরের মাঠে সেটিই ছিল তাঁর শেষ টেস্ট সিরিজ। ভারতের বিপক্ষে সিরিজ চলার সময় ব্র্যাডম্যান টুপিটি উপহার দেন ভারতীয় ক্রিকেটার এস.ডব্লু. সোহনি'কে। এরপর ৭৫ বছর ধরে টুপিটি সোহনি'র পরিবারের কাছেই সংরক্ষিত ছিল। কখনোই এটি জনসমক্ষে প্রদর্শন করা হয়নি।

❑ প্রেসিডেন্ট'স পুলিশ কালার পুরস্কার (নিশান) পেল সিকিম পুলিশ। তাদের অসামান্য পরিষেবা, পেশাদারিত্ব, সাহস, শৃঙ্খলা ও নিষ্ঠার জন্য এই পুরস্কার পেল সিকিম পুলিশ। স্বাধীনতার পর থেকে মাত্র ১৪টি রাজ্য এই মর্যাদাপূর্ণ পুরস্কার পেয়েছে। সামগ্রিকভাবে ১৫ তম আর উত্তর-পূর্বাঞ্চলের তৃতীয় রাজ্য হিসাবে এই পুরস্কার পেল সিকিম।

❑ 'মাইক্রোসফট' তাদের দ্বিতীয় প্রজন্মের ইন-হাউস এআই চিপ 'মাইয়া ২০০' প্রকাশ করছে। মার্কিন যুক্তরাষ্ট্রের আইওয়া অঙ্গরাজ্যের একটি ডেটা সেন্টারে এটির প্রথম ব্যবহার শুরু হবে। এরপর অ্যারিজোনায় আরেকটি ডেটা সেন্টার যুক্ত করার পরিকল্পনা আছে। ২০২৩ সালে প্রথম প্রজন্মের 'মাইয়া' চিপ এনেছিল 'মাইক্রোসফট'। চিপটি তৈরি হয়েছে তাইওয়ান সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিং কোম্পানির থ্রি ন্যানোমিটার প্রযুক্তিতে। এতে হাই ব্যান্ডউইথ মেমোরি ব্যবহার করা হয়েছে। 'মাইয়া ২০০'তে বড় আকারের এসআরএএম মেমোরি যুক্ত করা হয়েছে। এই মেমোরি এআই সেবার জন্য গুরুত্বপূর্ণ। 'মাইক্রোসফট' জানিয়েছে, 'মাইয়া ২০০'র সঙ্গে থাকবে সফটওয়্যার টুলের প্যাকেজ, যার মধ্যে ট্রাইটন অন্যতম। এটি একটি ওপন সোর্স টুল।


**২৭ জানুয়ারি :** 'অলিম্পিক কাউন্সিল অফ এশিয়া'র প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন শেখ জোয়ান বিন হামাদ আল থানি।



প্লেব্যাক থেকে অবসরের সিদ্ধান্ত ঘোষণা করলেন অরিজিৎ সিং। এদিন, সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে এই সিদ্ধান্ত জানান তিনি। তবে, চলচ্চিত্রে আর গান না গাইলেও, সঙ্গীত সৃষ্টির কাজ চালিয়ে যাবেন তিনি।

❑ ২০২৫ সালের জন্য 'ওয়াইলি রিসার্চ হিরোস পুরস্কার' পেলেন 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র প্রাক্তন কর্মী ড.চন্দ্রকান্ত লাহারিয়া। প্রথম ও এখনো পর্যন্ত একমাত্র ভারতীয় হিসাবে এই বৈশ্বিক সম্মান পেলেন তিনি। স্বাস্থ্য নীতি গবেষণায় গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসাবে, 'ইমপ্যাক্ট বিয়ন্ড আকাদেমিয়া' বিভাগে এই পুরস্কার পেলেন তিনি।

❑ আন্ধ্রা প্রদেশের 'বিশাখাপত্তনম রেল স্টেশন'এ 'ASC ARJUN' নামে একটি এআই-চালিত হিউম্যানয়েড রোবট মোতায়েন করল ভারতীয় রেল, যা ভারতীয় রেলওয়ে স্টেশনের নিরাপত্তা ও নজরদারি ব্যবস্থায় একটি বড় ধরনের উন্নয়ন। উদ্ভাবন-ভিত্তিক যাত্রী পরিষেবা উন্নয়নের অংশ হিসাবে ভারতীয় রেলওয়ে নেটওয়ার্কে একটি হিউম্যানয়েড রোবটের এটিই প্রথম ব্যবহার। দেশীয় প্রযুক্তি ব্যবহার করে বিশাখাপত্তনমের আরপিএফের মাধ্যমে এটি তৈরি করা হয়েছে। ফেসিয়াল রিকগনিশন সিস্টেমে সজ্জিত এই রোবটটি আধা-স্বয়ংক্রিয়ভাবে প্ল্যাটফর্মে টহল দিতে পারে, ভিড়ের গতিবিধি পর্যবেক্ষণ করতে পারে, অনুপ্রবেশকারী শনাক্ত করতে পারে ও সঙ্গে সঙ্গে আরপিএফ কন্ট্রোলরুমে সতর্কবার্তা পাঠাতে পারে।



'লিয়ারজেট ৪৫' নামক প্রাইভেট চার্টার্ড বিমানে করে মুম্বই থেকে পুণের বারামতীতে জনসভায় যোগ দিতে যাওয়ার সময়, বিমান দুর্ঘটনায় মারা গেলেন মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী অজিত পাওয়ার (৬৬ বছর)।

❑ রাঁচি রয়্যালসকে ৩-২ ব্যবধানে হারিয়ে, 'পুরুষদের হকি ইন্ডিয়া লিগ' জিতল বেদান্ত কলিঙ্গ ল্যান্সার্স।

**২৯ জানুয়ারি :** কলকাতার নতুন পুলিশ কমিশনার হিসাবে নিযুক্ত হলেন সুপ্রতীম সরকার।

❑ পুরোপুরি নিজস্ব উদ্যোগ ও অর্থায়নে তৈরি নিজেদের প্রথম সাবমেরিন 'নারওয়াল'এর প্রথম সফল পরীক্ষা সম্পন্ন করল চিনের স্বায়ত্তশাসিত দ্বীপ-ভূখণ্ড তাইওয়ান। এদিন দক্ষিণাঞ্চলের কাউসিউং সমুদ্র বন্দরের কাছে এই পরীক্ষা করা হয়েছে। 'নারওয়াল' হল তাইওয়ানের প্রতিরক্ষা বাহিনীর তৃতীয় সাবমেরিন। বাকি দু'টি আশির দশকে নেদারল্যান্ডসের কাছ থেকে কিনেছিল তারা, যেগুলি এখনো ব্যবহৃত হচ্ছে। এই সাবমেরিন কর্মসূচিটি মার্কিন যুক্তরাষ্ট্র আর যুক্তরাজ্য-সহ বেশ কয়েকটি দেশের দক্ষতা ও প্রযুক্তির ওপর নির্ভর করে তৈরি করা হয়েছে।

❑ আনুষ্ঠানিকভাবে 'ব্যাসিলাস সাবটিলিস'কে 'রাজ্য অণুজীব' হিসাবে ঘোষণা করল কেরল সরকার। এর মাধ্যমে, ভারতের প্রথম রাজ্য হিসাবে রাজ্য প্রতীকগুলির তালিকায় একটি অণুজীবকে অন্তর্ভুক্ত করল কেরল। দণ্ডাকৃতির 'ব্যাসিলাস সাবটিলিস' ('হে ব্যাসিলাস' নামেও পরিচিত) হল একধরনের প্রোবায়োটিক বা ভালো ব্যাকটিরিয়া, যা প্রধানত মাটি, গাঁজানো খাবার ও মানুষের অন্ত্রে ব্যাপকভাবে পাওয়া যায়। মাটির স্বাস্থ্য রক্ষায় ভূমিকা, প্রোবায়োটিক বৈশিষ্ট্য আর এটি রোগ সৃষ্টি করে না বলে এই ব্যাকটিরিয়াটিকে 'রাজ্য অণুজীব' হিসাবে বেছে নেওয়া হয়েছে। এই পদক্ষেপের লক্ষ্য হল, জনগণের মধ্যে বৈজ্ঞানিক মানসিকতার প্রসার ঘটানো আর কৃষি ও স্বাস্থ্যের ক্ষেত্রে উপকারী অণুজীব সম্পর্কে সচেতনতা বাড়ানো।


**৩০ জানুয়ারি :** প্রথম মহিলা হিসাবে 'এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়া'র সদস্য (মানবসম্পদ) হিসাবে দায়িত্ব নিলেন নিবেদিতা দুবে।

❑ ২০২৬ সালকে 'কৃষি বর্ষ' হিসাবে ঘোষণা করল মধ্য প্রদেশ সরকার। এই ঘোষণাটি রাজ্য সরকারের গ্রামীণ অর্থনীতি ও দীর্ঘমেয়াদী উন্নয়ন কৌশলের মেরুদণ্ড হিসাবে কৃষি, পশুপালন ও সংশ্লিষ্ট ক্ষেত্রগুলির ওপর নতুন করে মনোযোগ দেওয়ার বিষয়টি প্রতিফলিত করে। প্রসঙ্গত উল্লেখ্য, রাজ্যে কৃষি বাজেট ২০০২-'০৩ সালের ৬০০ কোটি টাকা থেকে বেড়ে ২০২৪-'২৫ সালে ২৭,০০০ কোটি টাকারও বেশি হয়েছে।

❑ একদিনে ৩টি জোনে (পশ্চিম, উত্তর আর পূর্ব-মধ্য রেলের বিভিন্ন বিভাগে) রেকর্ড ৪৭২.৩ কিলোমিটার এলাকা জুড়ে 'কবচ ৪.০' সুরক্ষা ব্যবস্থা চালু করে, রেল নিরাপত্তা ক্ষেত্রে একটি বড় অগ্রগতি সাধন করল ভারতীয় রেল। এই ৩টি জোনের মধ্যে রয়েছে পশ্চিম রেলের ৩৪৪ কিলোমিটার দীর্ঘ ভাদোদরা থেকে ভিরার অংশ, উত্তর রেলের ৩৫ কিলোমিটার দীর্ঘ তুঘলকাবাদ জংশন কেবিন থেকে পালওয়াল অংশ আর পূর্ব-মধ্য রেলের ৯৩.৩ কিলোমিটার দীর্ঘ মানপুর থেকে সরমাতানর অংশ। এই অর্জনটি ভারতীয় রেল ইতিহাসে 'কবচ'এর সর্ববৃহৎ বাস্তবায়ন। এর ফলে, ভারতীয় রেলের ৫টি রুটে মোট ১,৩০০ কিলোমিটারেরও বেশি পথে 'কবচ ৪.০' চালু করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, 'কবচ' হল একটি স্বয়ংক্রিয় ট্রেন নিয়ন্ত্রণ ব্যবস্থা, যা ট্রেন দুর্ঘটনা প্রতিরোধে কার্যকর। নতুন সংস্করণ 'কবচ ৪.০' হল আরও উন্নত বৈশিষ্ট্যযুক্ত। এর মধ্যে রয়েছে রিয়েল-টাইম ডেটা মনিটরিং, আরও নির্ভুল ট্রেন লোকেশন ট্র্যাকিং আর সিস্টেমের দ্রুত প্রতিক্রিয়া।

**৩১ জানুয়ারি :** প্রথম মহিলা হিসাবে মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন সুনেত্রা পাওয়ার।

❑ এবছরের 'বিশ্ব জলাভূমি দিবস'এর (২ ফেব্রুয়ারি) আগে, ভারতের রামসর তালিকায় দু'টি নতুন জলাভূমি যুক্ত করার ঘোষণা করলেন কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রী ভূপেন্দ্র যাদব। এগুলি হল উত্তর প্রদেশের এটা জেলায় অবস্থিত 'পটনা পক্ষী অভয়ারণ্য' আর গুজরাতের কচ্ছ জেলার 'ছারি-ধান্দ'। এর ফলে, ভারতে এই ধরনের জলাভূমির মোট সংখ্যা দাঁড়িয়েছে ৯৮।



বেলারুশের টেনিস তারকা অ্যারিনা সাবালেঙ্কা'কে ৬-৪, ৪-৬ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে, এবছর 'অস্ট্রেলিয়ান ওপন'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন কাজাখ্‌ই-স্তানের টেনিস তারকা এলিনা রিবাকিনা। এটি তাঁর প্রথম 'অস্ট্রেলিয়ান ওপন' শিরোপা আর ২০২২ সালের 'উইম্বলডন'এর পর তাঁর কেরিয়ারের দ্বিতীয় গ্র্যান্ডস্লাম শিরোপা।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সে

১ পাতার পর

আর অন্যান্য পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২৬'র হিসাবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০৩ থেকে ১-১-২০০৮'এর মধ্যে।

তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ আর মেয়েদের বেলায় ১৫৭ সেমি (গোর্খা, সিকিমি ও উত্তর-পূর্বাঞ্চলীয় ছেলেদের বেলায় ১৬৫ আর মেয়েদের বেলায় ১৫৫ সেমি ও উপজাতি /আদিবাসী ছেলেদের বেলায় ১৬২.৫ আর মেয়েদের বেলায় ১৫০ সেমি), বুকের ছাতি ছেলেদের বেলায় না-ফুলিয়ে ৮০ সেমি ও ফুলিয়ে ৮৫ সেমি। গোর্খা, সিকিমি ও উত্তর-পূর্বাঞ্চলীয় প্রার্থীরা ২ সেমি আর উপজাতি/আদিবাসী হলে ৪ সেমি বুকের ছাতিতে ছাড় পাবেন। ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

দৃষ্টিশক্তি দরকার — কনস্টেবল (ড্রাইভার) পদের ক্ষেত্রে দূরের বেলায় চশমা ছাড়া ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। কাছের বেলায় ভালো চোখে এন-৬, খারাপ চোখে এন-৯। অন্যান্য পদের ক্ষেত্রে দূরের বেলায় চশমা ছাড়া দু'চোখে ৬/৬ ও ৬/৯। কাছের বেলায় ভালো চোখে এন-৬, খারাপ চোখে এন-৯।

মানসিক ও শারীরিকভাবে সুস্থ থাকতে হবে। ধনুকের মতো বাঁকা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি, চোখে চশমা বা, বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা।

মোট শূন্যপদ : ৯,১৭৫টি। এর মধ্যে পশ্চিমবঙ্গ — ছেলেদের জন্য — ড্রাইভার পদে ৩১৯টি, মোটর মেকানিক ভেহিক্যাল ৫০টি, কবলার ১০টি, কার্পেন্টার ৯টি, টেলর ১২টি, ব্রাশ ব্যান্ড ১৫টি, পাইপ ব্যান্ড ৪টি, বাগলার ৮৯টি, গার্ডেনার ১০টি, পেইন্টার ৫টি, কুক ১০৬, ওয়াটার কেরিয়ার ৩৭টি, ওয়াশ্যারমান ২৭টি, বারবার ৮টি, সাফাই কর্মচারী ৪১।

ঝাড়খণ্ড — ছেলেদের জন্য — ড্রাইভার পদে ১১০টি, মোটর মেকানিক ভেহিক্যাল ১১টি, কবলার ২টি, কার্পেন্টার ৩টি, টেলর ৫টি, ব্রাশ ব্যান্ড ৪টি, বাগলার ৩২টি, গার্ডেনার ৪টি, পেইন্টার ২টি, কুক ৩৮, ওয়াটার কেরিয়ার ১৩টি, ওয়াশ্যারমান ১০টি, বারবার ৬টি, সাফাই কর্মচারী ১৫।

ওড়িশা — ছেলেদের জন্য — ড্রাইভার পদে ৯৫টি, মোটর মেকানিক ভেহিক্যাল ১৮টি, কবলার ৩টি, কার্পেন্টার ৪টি, টেলর ৫টি, ব্রাশ ব্যান্ড ৬টি, পাইপ ব্যান্ড ২টি, বাগলার ৪১টি, গার্ডেনার ৫টি, পেইন্টার ২টি, কুক ৪৯, ওয়াটার কেরিয়ার ১৭টি, ওয়াশ্যারমান ১২টি, বারবার ৮টি, সাফাই কর্মচারী ১৯।

সিকিম — ছেলেদের জন্য — ড্রাইভার পদে ৩টি, বাগলার ২টি, কুক ২।

ত্রিপুরা — ছেলেদের জন্য — ড্রাইভার পদে ১৬টি, মোটর মেকানিক ভেহিক্যাল ১২টি, কার্পেন্টার ১টি, টেলর ১টি, ব্রাশ ব্যান্ড ১টি, বাগলার ৫টি, কুক ৪, ওয়াটার কেরিয়ার ২টি, ওয়াশ্যারমান ১টি, বারবার ১টি, সাফাই কর্মচারী ২।

পশ্চিমবঙ্গ — মেয়েদের জন্য — বাগলার ১টি, ওয়াটারকেরিয়ার ২, ব্র্যাশ ব্যান্ড ২টি, পাইপ ব্যান্ড ১টি।

ঝাড়খণ্ড — মেয়েদের জন্য — পাইপ ব্যান্ড ১টি, ওয়াটার কেরিয়ার ১।

ওড়িশা — মেয়েদের জন্য — পাইপ ব্যান্ড ১টি, ওয়াটার কেরিয়ার ১।

এছাড়াও শূন্যপদ আছে **ছেলেদের জন্য** — আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ১, অন্ধ্রা প্রদেশে ৫০৪টি, অরুণাচল প্রদেশে ২০টি, অসমে ২৮৬টি, বিহারে ৬৯৪টি, ছত্তিশগড়ে ২০৫টি, দাদরা ও নগর হাভেলি ১, গোয়ায় ১৬টি, গুজরাট ৪৪৯টি, হরিয়ানা ১৫২টি, হিমাচল প্রদেশ ৪২টি, ঝাড়খণ্ড ২৫৫, কর্ণাটক ৪৬৬টি, কেরল ৩০৪টি, মধ্য প্রদেশ ৪৪৯টি, মহারাষ্ট্র ৬৮০টি, মণিপুর ৪৭টি, মিজোরাম ১৪টি, মেঘালয় ৫২টি, নাগাল্যান্ড ৮৬টি, ওড়িশা ২৮৬, পঞ্জাব ২৪৩টি, রাজস্থান ৪৩০টি, তামিলনাড়ু ৬৭৩টি, তেলেঙ্গানা ৩৫৩টি, উত্তর প্রদেশ ১,২১৫টি, উত্তরাখণ্ড ৭৩টি, চণ্ডিগড় ৭টি, দিল্লি ১১৪টি, জম্মু ও কাশ্মীর ১৬৭টি, পুদুচেরী ১১টি।

**মেয়েদের জন্য** — আন্ধ্রা প্রদেশ ৩টি, অসমে ২টি, বিহারে ৬টি, ছত্তিশগড়ে ১টি, গুজরাতে ৩টি, হরিয়ানায় ১টি, কর্ণাটক ৫টি, কেরলম ২টি, মধ্য প্রদেশ ৫টি, মহারাষ্ট্র ৮টি, মণিপুর ১টি, নাগাল্যান্ড ৫, পঞ্জাব ২টি, রাজস্থান ৪টি, তামিলনাড়ু ৮টি, তেলেঙ্গানা ৩টি, উত্তর প্রদেশ ১৫টি।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা, কম্পিউটার বেসড টেস্ট, স্কিল টেস্ট, সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা হবে। কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে। এইসব বিষয়ে : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) এলিমেন্টারি ম্যাথমেটিক্স - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (৪) ইংরিজি - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। প্রশ্ন হবে মাধ্যমিক মানের, ইংরিজি ও হিন্দিতে। সময় থাকবে ২ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। কম্পিউটার বেসড টেস্টে সাধারণ প্রার্থীরা ৪০% (তপশিলী, ও.বি.সি., ই.ডব্লু.এস. প্রার্থীদের বেলায় ৩৫%) নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। শারীরিক সক্ষমতার পরীক্ষায় ড্রাইভার, মোটর মেকানিক ভেহিক্যাল, গার্ডেনার, পেইন্টার, কার্পেন্টার, ব্রাশ ব্যান্ড, পাইপ ব্যান্ড, কবলার, টেলর, বাগলার ট্রেডের বেলায় ছেলেদের ক্ষেত্রে ২৪ মিনিটে ৫ কিমি দৌড় আর মেয়েদের বেলায় সাড়ে ৮ মিনিটে ১.৬ কিমি. দৌড়। কুক, ওয়াটার কেরিয়ার, বারবার, ওয়াশারম্যান, ওয়াশার উইমেন, সাফাই কর্মচারী ট্রেডের বেলায় ছেলেদের ক্ষেত্রে ১০ মিনিটে ১.৬ কিমি. দৌড় আর মেয়েদের বেলায় ১২ মিনিটে ১.৬ কি.মি দৌড়। ম্যাসন, ইলেক্ট্রিশিয়ান পদের বেলায় ছেলেদের ক্ষেত্রে ৯ মিনিটে ১.৬ কিমি. দৌড়তে হবে। সফল হবে স্কিল টেস্ট।

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে, ২০ এপ্রিল থেকে ১৯ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.rect.crpf.gov.in, www.crpf.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ৫০-১০০ কেবির মধ্যে। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করতে হবে। তখন পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। তপশিলী, মহিলা, প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 011-26160255.

## কেন্দ্রীয় ৭ বাহিনীর কনস্টেবল

১ পাতার পর

পরীক্ষা হবে ২৫ মে থেকে ৩০ মে পর্যন্ত।

স্টাফ সিলেকশন কমিশন এবার থেকে প্রার্থীদের সুবিধার জন্য কম্পিউটার বেসড পরীক্ষার তারিখ নিজেদের পছন্দ মতো বেছে নেওয়ার সুবিধা চালু করেছে। তাই চালু হল 'প্রেফারেন্স ফর উইকস (Preference for weeks)' অর্থাৎ, প্রত্যেক প্রার্থী ৪টি সপ্তাহের মধ্যে নিজের পছন্দের তারিখ বেছে নিয়ে পরীক্ষা দিতে পারবেন। এজন্য ১১ এপ্রিল থেকে ১৫ এপ্রিল পর্যন্ত অনলাইনে প্রেফারেন্স সিলেক্ট করতে পারবেন এই ওয়েবসাইটে : www.ssc.gov.in


### বিশেষ বিজ্ঞপ্তি

কর্মসংস্থান পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430

## বহরমপুরে কেরিয়ার ফেয়ারে

১ পাতার পর



নামি দামি বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান ছিল। মুর্শিদাবাদ জেলার ছেলেমেয়েরা এধরনের অভিনব কেরিয়ার ফেয়ারে এসে তাঁদের ভবিষ্যতের দিশা খুঁজে পান। এখানে এসে প্রত্যেক পড়ুয়া তাঁদের পছন্দসই কেরিয়ারের ব্যাপারে খুঁটিনাটি জানার সুযোগ পাওয়ায় খুশি।

ফেয়ারে ছেলেমেয়েদের অভূতপূর্ব সাড়ায় উদ্যোক্তরা অভিভূত। তাই এবার গতবারের চেয়ে আরো বেশি করে, রাজ্যর বিভিন্ন জেলায় এইরকমই নতুন ধাঁচের ইন্টার‌্যাক্টিভ 'কেরিয়ার ফেয়ার' হবে। যখন যে জেলায় ফেয়ার হবে, তখন তা 'কর্মসংস্থান' পত্রিকায় আগাম জানানো হবে। ওই ফেয়ারে মুর্শিদাবাদ জেলার অধীন প্রায় ৩০টি স্কুল, কলেজের প্রধান শিক্ষক, অধ্যক্ষ ও অন্যান্য সম্মানীয় ব্যক্তিরা উপস্থিত ছিলেন।



## রেলে ২৩ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

করতে পারেন। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, কস্ট অ্যাকাউন্ট্যান্সির ইন্টারমিডিয়েট কোর্স পাশ হতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,০০০-৭৪,০০০ টাকা। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২)।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার : মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে কমার্স শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, কস্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশ হতে হবে। এম.বি.এ. (ফিনান্স) বা, ম্যানেজমেন্ট (ফিনান্স)'এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ৭টি (জেনাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

দুই পদের বেলায়ই বয়স গুণতে হবে ১-১-২০২৬'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 01/2026, dated : 04-04-2026

প্রার্থী বাছাই হবে কম্পিউটার টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে জুনে। কম্পিউটার টেস্টে ৫০ নম্বরের পরীক্ষায় থাকবে এইসব : (ক) অঙ্ক বা, নিউমেরিক্যাল-২০টি, (খ) জেনারেল অ্যাওয়ারনেস-১০টি, (গ) লজিক্যাল রিজনিং বা, জেনারেল ইন্টেলিজেন্স-১০টি, (ঘ) রেলওয়ে বা, আই.আর.এফ.সি. সংক্রান্ত ১০টি। সফল হলে অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা। অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের বেলায় কম্পিউটার টেস্টে সফল হলে ইন্টারভিউ, সার্টিফিকেট ভেরিফিকেশন ও ডাক্তারি পরীক্ষা। নেগেটিভ মার্কিং আছে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ মে'র মধ্যে। এই ওয়েবসাইটে : www.irfc.co.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও রূপান্তরকামীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## SSC, BANK ও Rail এর চাকরির পরীক্ষাগুলির জন্য সর্বভারতীয় মানের প্রশিক্ষণ এখন বাংলা ভাষাতেই উপলব্ধ

নিজস্ব প্রতিনিধি : কেন্দ্রের স্টাফ সিলেকশন কমিশন (SSC), ব্যাংক (Bank) ও রেলের (Rail) বিভিন্ন পদে প্রতিবছর নিয়মিত নিয়োগ প্রক্রিয়া চলে। সর্বভারতীয় এই সরকারি চাকরির পরীক্ষাগুলিতে ভারতের বিভিন্ন প্রদেশের চাকরি প্রার্থীদের মতো আমাদের বাংলার ছাত্র-ছাত্রীরাও যোগদান করেন। কিন্তু এই পরীক্ষাগুলির জন্য সর্বভারতীয় মানের প্রশিক্ষণের ব্যবস্থা বাংলা ভাষায় সেইভাবে না থাকার কারণে বাংলার চাকরি প্রার্থীরা অনেকেই অসুবিধার সম্মুখীন হন ও এই প্রতিযোগিতায় পিছিয়ে পড়েন। বাংলার ছাত্র-ছাত্রীদের এই সমস্যা সমাধান করতে এবার এগিয়ে এসেছে কলকাতার প্রসিদ্ধ ICE Academy. এখানে SSC, BANK ও Rail এর চাকরির পরীক্ষাগুলির জন্য সম্পূর্ণ সর্বভারতীয় মানের প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে একেবারে বাংলা ভাষায়। এখন বাংলার চাকরি প্রার্থীরা তাদের মাতৃভাষাতেই এই পরীক্ষা গুলির জন্য সর্বভারতীয় মানের সঠিক প্রস্তুতি নিয়ে এই প্রতিযোগিতায় অংশ নিয়ে সাফল্য সুনিশ্চিত করতে পারবেন।

এখানে SSC, BANK ও Rail এর প্রতিটি পরীক্ষার জন্য থাকছে সর্বভারতীয় মানের উৎকৃষ্ট স্টাডি মেটেরিয়াল, আর সাথে থাকছে প্রতিটি সাবজেক্টের জন্য সর্বভারতীয় স্তরের অভিজ্ঞ শিক্ষকমন্ডলীর ক্লাস ও গাইডেন্স। পাশাপাশি ইন্টারভিউ পর্বের প্রস্তুতির জন্য চলবে ছাত্রছাত্রীদের গ্রুমিং ও পার্সোনালিটি ডেভেলপমেন্ট। বিগত ১০ বছর ধরে সরকারি চাকরির পরীক্ষার প্রস্তুতির জন্য রাজ্যের অন্যতম সেরা প্রশিক্ষণ কেন্দ্র হল ICE Academy. বর্তমানে রাজ্যের বিভিন্ন সরকারি দপ্তরে কর্মরত প্রাক্তন ছাত্রছাত্রীরা এই প্রতিষ্ঠানের সাফল্যের খতিয়ান বহন করে। বিশিষ্ট সরকারি অফিসারদের তত্ত্বাবধানে সাজানো এই প্রশিক্ষণ নিয়ে এবার আপনিও পূরণ করতে পারেন সরকারি চাকরির স্বপ্ন।

আসন্ন সকল সরকারি চাকরিকে লক্ষ্য করে অনলাইন ও ক্লাসরুমের বিভিন্ন ব্যাচগুলিতে ভর্তি চলছে। এছাড়া থাকছে ফ্রি গাইডেন্স ও ফ্রি কাউন্সেলিং এর সুযোগ। তাই দেরি না করে আজই যোগাযোগ করুন। প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা: ICE Academy, 227A, রাসবিহারী অ্যাভিনিউ, বালিগঞ্জ, কলকাতা-19 (বালিগঞ্জ রেলওয়ে ষ্টেশন এর পাশে)। যেকোনো সরকারি চাকরির প্রস্তুতির জন্য যোগাযোগ করতে হবে এই নম্বরে: 9804412898/7044517509.

## গ্রামীণ ডাক সেবক পদের দ্বিতীয় মেধা তালিকা বেরোল

ভারতীয় ডাকবিভাগের গ্রামীণ ডাক সেবক পদের দ্বিতীয় মেধা তালিকা বেরোল। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.indiapostgdsonline.gov.in

## কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের ফল বেরোল

স্টাফ সিলেকশন কমিশনের ২০২৫ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল'এর চূড়ান্ত ফল বেরিয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.gov.in


এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে কয়েক বছরের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেই ?

চাকরির চাহিদা অনুযায়ী কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

থাকছে ফ্রি টিফিন

কেরিয়ার ফেয়ার

স্থান : মালদহ ● সময় : সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত

Sponsored by :

NCSM
NATIONAL COMPUTER SAKSHARTA MISSION









বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## রেলে চাকরির

■ *রেলের নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরির (এন.টি.পি.সি.) আন্ডার গ্র্যাজুয়েট লেভেলের কম্পিউটার বেসড টেস্ট কবে হবে? নেগেটিভ মার্কিং আছে কি? — অনুমিতা অধিকারী, কলকাতা। জয়ন্ত দাস, হৃদয়পুর, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ এখনো তারিখ ঠিক হয়নি। নেগেটিভ মার্কিং আছে।

■ *রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষা কবে হতে পারে? মেয়েদের বেলায় শারীরিক সক্ষমতার পরীক্ষায় কী কী বিষয় থাকে? এই পরীক্ষা কি প্রতি বছরই হয়? — তানিমা খাতুন, পানপুর, নৈহাটী, উত্তর ২৪ পরগনা। পিয়ালী চক্রবর্তী, পূর্ব মেদিনীপুর।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। তবে জুন-জুলাই য়ে পরীক্ষা হওয়ার সম্ভাবনা আছে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় — (ক) ৩৫ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (এক বার সুযোগ পাবেন), (খ)৪ মিনিট ১৫ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)।

মেয়েদের বেলায় — (ক) ২০ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (এক বার সুযোগ পাবেন), (খ)৫ মিনিট ৪০ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন। সব শেষে হবে ডাক্তারি পরীক্ষা।

## অন্যান্য চাকরির

■ *ঝাড়খণ্ড 'টেট'এর বিজ্ঞপ্তি বেরিয়েছে। তাতে পশ্চিমবঙ্গের তপশিলী উপজাতির প্রার্থীরা সংরক্ষণের সুবিধা পাবে কি? না জেনারেল হিসাবে দরখাস্ত করতে হবে? প্রশ্ন কোন মাধ্যমে হবে? — জয়দেব মুর্মু, রানীবাঁধ, বাঁকুড়া। অরিন্দম গোস্বামী, ময়নাগুড়ি, জলপাইগুড়ি।*

■■ পশ্চিমবঙ্গের প্রার্থীরা জেনারেল প্রার্থী হিসাবে দরখাস্ত করতে পারবেন। কোনো সংরক্ষিত ক্যাটেগরির সুযোগ পাবেন না। প্রশ্ন হবে হিন্দি, ইংরিজি বা, রিজিওন্যাল ল্যাঙ্গোয়েজে।

## কোর্স ও ট্রেনিং

■ *CLAT পরীক্ষার মাধ্যমে আইনের ডিগ্রি কোর্সে ভরতি হতে চাই। বয়স ও যোগ্যতা কেমন লাগে? প্রার্থী বাছাইয়ের জন্য কোনো এন্ট্রান্স দিতে হয় কি? পরীক্ষা পদ্ধতি জানাবেন। — স্বপ্না মণ্ডল, পলাশী, নদিয়া। রাজশ্রী দে, কলকাতা।*

■■ ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ইউনিভার্সিটি অফ জুড়িডিক্যাল সায়েন্স, যোধপুরের এন.এল.ইউ., গান্ধীনগরের জি.এন.এল.ইউ., পটনার সি.এন.এল.ইউ, কটকের এন.এল.ইউ.ও.-সহ দেশের ২২টি আইন বিশ্ববিদ্যালয়ে 'আইনের ডিগ্রি (বি.এ.-এল এল.বি., বি.এসসি., এলএল.বি., বি.বি.এ.-এলএল.বি., বি.এস.ডব্লু. এলএল.বি., বি.কম.- এলএল.বি (অনার্স)' কোর্সে ভরতির 'কমন ল অ্যাডমিশন টেস্ট (CLAT)' দিতে হয়। মোট অন্তত ৪৫% (তপশিলী হলে ৪০%) নম্বর পেয়ে যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। সর্বাধিক বয়সের কোনো কড়াকড়ি নেই। সারা ভারতে সীট প্রায় ৩ হাজারের কাছাকাছি। পড়ানো হবে এইসব কলেজে : (1) National Law School of India University(NLSIU), Bengaluru, (2) NALSAR University of Law (NALSAR),Hyderabad, (3) The National Law Institute University(NLIU), Bhopal. (4) The West Bengal National University of judicial Sciences. (5) National Law University(NLU), Jodhpur. (6) Hidayatullah National Law University(HNLU), Raipur. (7) Gujarat National Law University(GNLU), Gandhinagar. (8) Dr Ram Manohar Lohiya National Law University (RMLNLU), Lucknow. (9) Rajiv Gandhi National University of Law (RGNUL), Punjab. (10) Chanakya National Law University(CNLU), Patna. (11) National University of Advanced Legal Studies (NUALS), Kochi. (12) National Law University Odisha (NLUO), Cuttack. (13) National University of Study and Research in Law (NUSRL), Ranchi. (14) National Law University and Judicial Academy (NLUJA), Assam. (15) Damodaram Sanjivayya National Law University (DSNLU), Visakhpatnam. (16) Tamil Nadu National Law University (TNNLU), Tiruchirappalli. (17) Maharashtra National Law University (MNLU), Mumbai. (18) Maharashtra National Law University (MNLU), Nagpur. (19) Maharashtra National Law University (MNLU), Aurangabad. (20) Himachal Pradesh National Law University (HPNLU), Shimla. (21) Dharmashastra National Law University, Jabalpur (M.P.). (22) Dr. B R Ambedkar National Law University Sonipat, Haryana. কলকাতার ন্যাশনাল ইউনিভার্সিটি অফ জুড়িডিক্যাল সায়েন্সে পড়ানো হবে 'বি.এসসি. এলএল.বি.' কোর্স।

প্রার্থী বাছাই করবে 'The Consortium on National Law Universities'. ২০২০ সালের কমন ল অ্যাডমিশন টেস্ট (CLAT)'এর মাধ্যমে। পরীক্ষা হয় সাধারণত ডিসেম্বর মাস নাগাদ। বিজ্ঞপ্তি বেরোয় জুলাই য়ে। কলকাতা-সহ সারা ভারতের বিভিন্ন কেন্দ্রে পরীক্ষা হয়। ১৫০ নম্বরের ২ ঘন্টার লিখিত পরীক্ষায় ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ, (২) জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স, (৩) লিগ্যাল রিজনিং, (৪) লজিক্যাল রিজনিং, (৫) কোয়ান্টিটেটিভ টেকনিক্স। নেগেটিভ মার্কিং আছে।

■ *সরকারি চাকরি করার সঙ্গে সঙ্গে ডি.এল.এড. কোর্স করা যায় কি? ডিপার্টমেন্ট থেকে এন.ও.সি. নিয়ে এই কোর্স সম্পূর্ণ করার পর চাকরির জন্য যোগ্য কি? — স্বাধীন ঘোষ, চন্দ্রকোণা, পশ্চিম মেদিনীপুর।*

■■ হ্যাঁ, করতে পারবেন।

## স্কুল সার্ভিসের

■ *কমার্স শাখায় স্নাতক। সঙ্গে ডি.এল.এড. কোর্স করলে আপার প্রাইমারির জন্য যোগ্য কি? — অসীম জানা, দাসপুর, পশ্চিম মেদিনীপুর।*

■■ হ্যাঁ, যোগ্য।

■ *স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের লিখিত পরীক্ষার ফল কবে বেরোবে? — গোবিন্দ বাস্কে।*

■■ ফল এ মাসেই বেরোনোর সম্ভাবনা আছে।

■ *কলকাতা বিশ্ববিদ্যালয়ে গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছিল ২০১৮ সালে। এই পরীক্ষা কবে হবে? — হারাধন দাস, সমুদ্রগড়, বর্ধমান।*

■■ এই পদের নিয়োগ প্রক্রিয়া আদালতের রায়ে স্থগিত আছে।

## 'নেট'/ 'সেট'এর

■ *ইউ.জি.সি.'র 'নেট' পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? — চন্দ্রকান্ত দোলই, হরিপুরা, কেশিয়াড়ী, পশ্চিম মেদিনীপুর।*

■■ ইউ.জি.সি.-নেট পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে এপ্রিল-মে মাস নাগাদ।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল ও জুনিয়র কনস্টেবল পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? এই দুই পদের মধ্যে পার্থক্য কী? মূল মাইনে কত হয়? পদোন্নতি কেমন আছে? —স্বরূপ ঘোষ, দেবপুকুর, নীলগঞ্জ, উত্তর ২৪ পরগনা।*

■■ কনস্টেবল ও জুনিয়র কনস্টেবল পদের মধ্যে প্রধান পার্থক্য হল — কনস্টেবল পদের জন্য মাধ্যমিক যোগ্যতা লাগে আর জুনিয়র কনস্টেবল'এর জন্য ক্লাস এইট পাশ বা, মাধ্যমিক পাশ হতে হয়। জুনিয়র কনস্টেবলরা, কনস্টেবলদের থেকে বেসিক পে'তে ১,২০০-১,৫০০ টাকা কম পেয়ে থাকেন। এছাড়াও অন্যান্য সুযোগ সুবিধা যেমন, DA, HRA, Medical ইত্যাদি কনস্টেবলদের মতোই পাওয়া যায়। জুনিয়র কনস্টেবল পদে সবসময় নিয়োগ হয় না। তবে কনস্টেবল পদে প্রতি বছরই নিয়োগ হয়।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| কলেজে সহকারী অধ্যাপক | মাস্টার ডিগ্রি | - | ১৫-৪-২৬ | www.wbcsconline.in |
| ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৬৫৪ | - | www.recruitment.nic.in |
| মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে ক্লার্ক, লাইব্রেরিয়ান | মাধ্যমিক, গ্র্যাজুয়েট | - | - | www.wbmsc.com |
| রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট | ITI ডিপ্লোমা | ১১,১২৭ | ১৫ মে-১৪ জুন | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| MSC-এর মাধ্যমে পুরসভার ডেভেলপমেন্ট অথরিটিতে | HS পাশ | ১৩ | ১৭-৪-২৬ | www.mscwb.org |
| নার্সিং (ANM/GNM) কোর্সে ভরতির দরখাস্ত নেওয়া শুরু | HS পাশ | - - | ১৯-৪-২৬ | www.wbjeeb.in |
| রাইটসে অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ১৩ | ২৭-৪-২৬ | www.rites.com |
| SSB-এর মাধ্যমে কনস্টেবল (ট্রেডসম্যান) ও ড্রাইভার | মাধ্যমিক, ITI | ৮২৭ | ২১-৪-২৬ | https://recruitment.ssb.gov.in |
| SSB-এর মাধ্যমে কনস্টেবল (ট্রেডসম্যান) ও ড্রাইভার | মাধ্যমিক, HS, ITI | ২৩৩ | ২১-৪-২৬ | https://recruitment.ssb.gov.in |
| ITBP-তে ট্রেডসম্যান | ITI | ১০ | ২৮-৪-২৬ | www.recruitment.itbpolice.nic.in |
| ঝাড়খণ্ড রাজ্যের স্কুলে চাকরির জন্য ঝাড়খণ্ড 'টেট'এর দরখাস্ত নেওয়া শুরু | HS+D.El.Ed গ্র্যাজুয়েট ও বি.এড | - | ২১-৪-২৬ থেকে ২১-৫-২৬ | www.jac.jharkhand.gov.in |
| ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টারে সায়েন্টিস্ট-বি | বি.ই. / বি.টেক. | ২৪৩ | ২৪-৪-২৬ | www.recruitment.nic.in |
| বাদমল অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার | আই.টি.আই. | ৮০ | ১৬-৬-২৬ | https://munitionsindia.co.in |
| অসম রাইফেলসে রাইফেলম্যান | মাধ্যমিক | ৯৫ | ১১-৫-২৬ | www.assamrifles.gov.in |
| SSC-এর Phase-XIV-এর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট, অফিসার | মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ডিগ্রি | - | ৩০-৪-২৬ | www.ssc.gov.in |
| সরকারি প্রেসে টেকনিশিয়ান | গ্র্যাজুয়েট, ITI | ৪৩১ | ১৩-৫-২৬ | https://cnpnashik.spmcil.com |
| প্রতিরক্ষা সংস্থায় চাকরি | ITI | ৪০০ | ৩০-৪-২৬ | https://munitionsindia.co.in |
| পটনা হাই কোর্টে স্টেনো | ডিপ্লোমা | ৫৩ | ৩০-৪-২৬ | http://patnahighcourt.bih.nic.in |
| DRDO-তে অ্যাপ্রেন্টিস | ITI ডিপ্লোমা | ৩৮ | ৩০-৪-২৬ | www.mhrdnats.gov.in |
| পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্কে অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ১০০০ | ২০-৪-২৬ | https://punjabandsind.bank.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| UPSC-র Civil Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র Forest Service, 26 Preli পরীক্ষা | ২৪ মে, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৭ এপ্রিল থেকে ৩০ মে | https://ssc.gov.in |
| UPSC-র IES/ISS পরীক্ষা | ১৯ জুন থেকে | www.upsconline.nic.in |
| NEET (UG) পরীক্ষা | ৩ মে | www.ntaneet.nic.in |
| প্রাইমারি টিচার পদে মালদা, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুর, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া জেলার ইন্টারভিউ | ইন্টারভিউ স্থগিত | https://www.wbbpeonline.com |

# রেলের এন.টি.পি.সি

1. ভারতের দ্বিতীয় বৃহত্তম জনবহুল রাজ্য কোনটি?
(A) উত্তর প্রদেশ (B) বিহার
(C) পশ্চিমবঙ্গ (D) মহারাষ্ট্র

2. 'ফারাক্কা ব্যারেজ' কোন নদীর জল নিয়ন্ত্রণ করে?
(A) গঙ্গা (B) মেঘনা
(C) ব্রহ্মপুত্র (D) শোন

3. 'আর্যসত্য' কোন ধর্মের মৌল বিষয়গুলির কথা বলে?
(A) বৈদিক ধর্ম (B) বৌদ্ধ ধর্ম
(C) জৈন ধর্ম (D) বৈষ্ণব ধর্ম

4. কোন ফাইটোহরমোন সেনেসেন্সের (বার্ধক্য) জন্য দায়ী?
(A) সাইটোকাইনিন (B) অক্সিন
(C) জিব্বেরেলিন (D) ইথিলিন

5. খালি চোখে দেখা যায় এরকম কোশের সাইজ হল —
(A) 1 মাইক্রন (B) 10 মাইক্রন
(C) 100 মাইক্রন (D) 1000 মাইক্রন

6. 'Knowledge is power' – বক্তা কে?
(A) মহাত্মা গান্ধী (B) ফ্রান্সিস বেকন
(C) আব্রাহাম লিঙ্কন (D) জর্জ বার্নার্ড শ

7. পশ্চিমবঙ্গের সর্বাধিক বন কোন জেলায় আছে?
(A) বর্ধমান (B) জলপাইগুড়ি
(C) দক্ষিণ 24 পরগনা (D) দার্জিলিং

8. মিয়োসিসের সময় ক্রসিং ওভার হয় কোন দশায়/উপদশায়?
(A) লেপ্টোটিন (B) অ্যানাফেজ-I
(C) প্যাকিটিন (D) ডায়াকাইনেসিস

9. কোন চোল রাজা বাংলাদেশ জয় করেছিলেন?
(A) প্রথম রাজেন্দ্র চোল (B) প্রথম রাজরাম চোল
(C) দ্বিতীয় রাজেন্দ্র চোল (D) প্রথম রাজরাজ

10. পশ্চিমবঙ্গের উত্তর দিকে আন্তর্জাতিক সীমারেখা নীচের কোন স্থানের মধ্যে অবস্থিত?
(A) সিকিম ও পশ্চিমবঙ্গ (B) ভুটান ও পশ্চিমবঙ্গ
(C) অসম ও পশ্চিমবঙ্গ (D) ওপরের কোনোটিই নয়

11. ম্যালেরিয়ার প্রধান কারণ কী?
(A) প্লাসমোডিয়াম (B) অ্যানোফিলিস মশা
(C) কিউলেক্স মশা (D) দূষিত বায়ু

12. ভারতের কোন রাজ্যে সবথেকে বেশি পরিমাণ রাবার উৎপন্ন হয়?
(A) অসম (B) কর্ণাটক
(C) কেরলম (D) তামিলনাড়ু

13. 'ভারতের জাতীয় গ্রন্থাগার' কোথায় অবস্থিত?
(A) দিল্লি (B) কলকাতা
(C) পুণে (D) পটনা

14. গ্রাব কীসের লার্ভা?
(A) পতঙ্গ (B) ক্রাসটেশিয়া
(C) বিটল (D) স্পঞ্জ

15. 'হীরাকুঁদ' বাঁধ কোন নদীর ওপর অবস্থিত?
(A) ভাগীরথী (B) মহানদী
(C) শোন (D) চম্বল

16. 'রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া' কোন বছর প্রতিষ্ঠিত হয়েছিল?
(A) 1911 (B) 1917
(C) 1934 (D) 1935

17. Carcinoma নামক ক্যান্সারের উৎপত্তি হয় কোন কলা থেকে?
(A) আবরণী কলা (B) যোগকলা
(C) পেশি কলা (D) স্নায়ু কলা

18. কোন পেশোয়া 'হিন্দু-পাদ-পাদশাহী'র আদর্শ অনুসরণ করেছিলেন?
(A) বালাজী বিশ্বনাথ (B) প্রথম বাজীরাও
(C) দ্বিতীয় বাজীরাও (D) মাধব রাও

19. 'India House' কোন দেশে অবস্থিত?
(A) ভারত (B) যুক্তরাজ্য
(C) জাপান (D) নেপাল

20. 'সিমিলিপাল জাতীয় উদ্যান' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(A) অসম (B) গুজরাত
(C) ওড়িশা (D) বিহার

21. 2027 সালের জনগণনার প্রচারদূত হিসাবে নির্বাচিত হয়েছেন কে?
(A) অনুপম খের (B) সাইনা নেহওয়াল
(C) সুদর্শন পট্টনায়েক (D) শ্রদ্ধা জোশি

22. 'International Court of Justice' কোথায় অবস্থিত?
(A) জেনেভা (B) হাভানা
(C) প্যারিস (D) হেগ

## RAIL Exam

# রেলের NTPC



ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে (NTPC-Under Graduate – Advt. No. 7/2025) উচ্চমাধ্যমিক যোগ্যতায় কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ও ট্রেন্স ক্লার্ক পদে ৩,০৫০টি শূন্যপদের জন্য প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টের তারিখ এখনো ঠিক হয়নি। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) অঙ্ক - ৩০ নম্বর, (২) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৩) জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন কর্মসংস্থান পত্রিকার সহ সম্পাদক **রঞ্জিৎ ঘোষ**।

23. —— হল একটি অ্যান্টি ভিটামিন।
(A) বিটা ক্যারোটিন (B) মিথাইলকোবালামিন
(C) পাইরিথিয়ামিন (D) ফলিক অ্যাসিড

24. সম্মিলিত জাতিপুঞ্জের মহাসচিব বান কী-মুন কোন দেশের মানুষ?
(A) ফিলিপিন্স (B) জাপান
(C) দক্ষিণ কোরিয়া (D) থাইল্যান্ড

25. গ্রামীণ ব্যাঙ্ক ও ক্ষুদ্র ঋণের সঙ্গে কোন নাম জড়িত?
(A) ড.মনমোহন সিং (B) বিল গেটস
(C) মহম্মদ ইউনুস (D) আং সান সু কি

26. চিংড়ির ক্যারাপেসের কোন অংশটি গিল আবরণীর কাজ করে?
(A) ব্রঙ্কাস (B) ব্র্যাঙ্কিওস্টেগাল ঝিল্লি
(C) ব্র্যাঙ্কিওস্টেগাইট (D) ব্র্যাঙ্কিওস্টেগাল স্পাইন

27. 'কেলকার কমিটি'র রিপোর্ট কোন বিষয়টির সঙ্গে যুক্ত?
(A) কর ব্যবস্থার সংস্কার
(B) অর্থনৈতিক প্রতিষ্ঠানগুলির সংস্কার
(C) বাণিজ্য সংস্কার
(D) প্রশাসনিক সংস্কার

28. 1nm-এর সমান হল —
(A) 10 $A^0$ (B) 100 $A^0$
(C) $10^0$ (D) 0.01 mm

29. ভারতীয় সংসদের পাবলিক অ্যাকাউন্টস কমিটির সভাপতি কে মনোনীত করেন?
(A) প্রধানমন্ত্রী (B) রাষ্ট্রপতি
(C) লোকসভার অধ্যক্ষ (D) রাজ্যসভার সভাপতি

30. 'বাংলার এশিয়াটিক সোসাইটি'র প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(A) ডেভিড হেয়ার (B) স্যার উইলিয়াম জোনস
(C) ওয়ারেন হেস্টিংস (D) স্যার ইস্ট হাউড

31. পারমাণবিক আকার কোন ইউনিটে প্রকাশ করা হয়?
(A) ফার্মি (B) অ্যাংস্ট্রম
(C) নিউটন (D) টেসলা

32. ভারতীয় সংবিধানের প্রস্তাবনা সংশোধিত হয়েছে — .
(A) 25তম সংশোধনে (B) 37তম সংশোধনে
(C) 73তম সংশোধনে (D) 42তম সংশোধনে

33. স্বরাজ দলের প্রধান লক্ষ্য কী ছিল?
(A) অসহযোগ আন্দোলন শুরু করা
(B) ভিতর থেকে ভাঙার জন্য সেখানে প্রবেশ করা
(C) নতুন সংবিধানের দাবি তোলা
(D) ভারতের জন্য পূর্ণ স্বাধীনতার দাবি জানানো

34. একটি তরলের সান্দ্রতা —
(A) তাপমাত্রা বৃদ্ধিতে বেড়ে যায়
(B) তাপমাত্রা বৃদ্ধিতে কমে যায়
(C) তাপমাত্রার ওপর নির্ভর করে না
(D) চাপ বৃদ্ধিতে কমে যায়

35. 'স্টিভ জবস' নীচের কোন নামটির সঙ্গে যুক্ত?
(A) গুগল (B) অ্যাপল
(C) উইপ্রো (D) মাইক্রোসফট

36. জলকে 7ºC থেকে 0ºC ঠান্ডা করলে কী ঘটবে?
(A) শুধু সংকোচন ঘটবে
(B) শুধু প্রসারণ ঘটে
(C) প্রথমে সঙ্কুচিত হয় কিন্তু পরে প্রসারিত হয়
(D) প্রথমে প্রসারিত হয় ও পরে সঙ্কুচিত হয়

37. কোন বছর 'সর্বভারতীয় মুসলিম লিগ' স্থাপিত হয়েছিল?
(A) 1906 (B) 1919
(C) 1937 (D) 1940

38. একটি পেন্ডুলামের দোলনকাল নির্ণয় করে —
(A) এর গোলকের আকারের ওপর
(B) এর গোলকের ঘনত্বের ওপর
(C) এর দৈর্ঘ্যের ওপর
(D) এর গোলকের আয়তনের ওপর

39. 'My Truth' বইটির লেখক কে?
(A) সরোজিনী নাইডু (B) আর.কে.নারায়ণ
(C) মহাত্মা গান্ধী (D) ইন্দিরা গান্ধী

40. মাইক্রোওয়েভ ও ওভেনে ক্রিয়া করে —
(A) তাপমাত্রা গৃহীত হয় নিউক্লিয় শক্তি থেকে
(B) মাইক্রোওয়েভ ও থার্মালের রেডিয়েশনের একক সমান হয়
(C) পুরোপুরিভাবে বোঝা যায় না
(D) মাইক্রোওয়েভ তাপ সংগৃহীত করে খাবারের জলীয় অণুগুলিকে সঞ্চালিত করে

41. যেসব ধারায় ধর্মীয় স্বাধীনতার অধিকার উল্লেখিত হয়েছে তা হ'ল —
(A) 12-19 ধারা (B) 19-21 ধারা
(C) 25-28 ধারা (D) 21-28 ধারা

42. ভারতের কনসোলিডেটেড ফান্ড থেকে কেন্দ্রীয় সরকার কার সুপারিশে রাজ্যগুলিকে সহায়ক অনুদান দিয়ে থাকে?
(A) পরিকল্পনা কমিশন
(B) অর্থ কমিশন
(C) পাবলিক অ্যাকাউন্টস কমিটি
(D) এস্টিমেটস কমিটি

43. 'তক্ষশীলা' কোথায় অবস্থিত?
(A) বিহার (B) পশ্চিম পঞ্জাব (এখন পাক-ই-স্তান)
(C) উত্তর প্রদেশ (D) ওপরের কোনোটিই নয়

44. কোনো কোনো গাড়িতে একটি অতিরিক্ত হলুদ রঙের হেডলাইট থাকে। এর কারণ কী?
(A) হলুদ রঙের আলোতে খরচ কম
(B) হলুদ রঙের আলো চোখে পড়লে পথিকের চোখ ধাঁধায় না
(C) হলুদ রঙের আলো কুয়াশার মধ্যে প্রবেশ করতে পারে, তাই কুয়াশাযুক্ত রাতে রাস্তা ভালোভাবে আলোকিত করতে পারে
(D) হলুদ রঙের হেডলাইটে গাড়িটি দর্শনীয় হয়ে ওঠে

45. ক্রোয়েশিয়ার রাজধানী কী?
(A) হেলসিঙ্কি (B) লা পাজ
(C) তিরানা (D) জাগ্রেব

46. সিরাজ তার রান্নাঘরে কতগুলি আপেলকে প্রথম সারিতে 11 জোড়া, দ্বিতীয় সারিতে 22 জোড়া ও তৃতীয় সারিতে 33 জোড়া সাজিয়ে রাখে, তবে সিরাজের রান্নাঘরে কতগুলি আপেল সাজানো আছে?
(A) 66 (B) 132
(C) 123 (D) 99

47. স্কুলের N.S.S. Unit সিদ্ধান্ত নিয়েছে প্রত্যেকটি দুঃস্থ ছাত্রকে $\frac{3}{4}$ কেজি দরে চিনি দেবে। তারা একটি সংস্থা থেকে $28\frac{1}{2}$ কেজি চিনি পেল। কতজন ছাত্রের মধ্যে এই চিনি বিতরণ করা হতে পারে?
(A) 38 (B) 39
(C) 40 (D) 36

48. 6 ও 7-এর ল.সা.গু (x, y)-এর ল.সা.গু-এর অর্ধেক, যদি x = 12 হয়, তাহলে y এর মান কত?
(A) 6 (B) 24
(C) 18 (D) 7

49. নীচের কোনটি সর্বাপেক্ষা আসন্ন মান?
$\frac{2.9 \times 7.49}{11.51} = ?$
(A) $\frac{2 \times 7}{11}$ (B) $\frac{3 \times 7}{11}$
(C) $\frac{3 \times 7}{12}$ (D) $\frac{3 \times 8}{12}$

50. একটি আয়তক্ষেত্র, যার ক্ষেত্রফল 24 বর্গসেন্টিমিটার (যার বাহুগুলি স্বাভাবিক সংখ্যা) তার পরিধি নীচের কোনটি হওয়া সম্ভব নয়?
(A) 20 cm (B) 22 cm
(C) 25 cm (D) 28 cm

51. একটি ম্যাপে 1 সেন্টিমিটারের মাধ্যমে 400 কিলোমিটারকে চিত্রিত করা হয়, যদি দু'টি শহর 3,400 কিলোমিটার দূরত্বে অবস্থিত হয়, তাহলে ম্যাপে ওই দূরত্ব কত সেন্টিমিটারের মাধ্যমে চিত্রিত হবে?
(A) 8 সেন্টিমিটার (B) 9 সেন্টিমিটার
(C) সাড়ে 8 সেন্টিমিটার (D) সাড়ে 9 সেন্টিমিটার

52. 800 মিটারের দৌড় প্রতিযোগিতায় অনুপ প্রথম 100 মিটার 14 সেকেন্ডে, পরের 100 মিটার আরও 2 সেকেন্ড বেশি সময়ে দৌড়ায়। এইভাবে 800 মিটার দৌড় প্রতিযোগিতা শেষ করতে কত সময় লাগবে?
(A) 2 মিনিট 20 সেকেন্ড (B) 2 মিনিট 48 সেকেন্ড
(C) 2 মিনিট 8 সেকেন্ড (D) 1 মিনিট 52 সেকেন্ড

53. একটি ছাত্রের 5টি বিষয়ে প্রাপ্ত নম্বরের গড় 74, সে তিনটি বিষয়ে 70, 75 ও 80 নম্বর পেয়েছে। তাহলে বাকি 2টি বিষয়ে প্রাপ্ত নম্বরের গড় কত?
(A) 72 (B) 72.5
(C) 74.5 (D) 75

54. $216^{\frac{2}{3}} \div \left(\frac{p^2}{9}\right)^{-\frac{3}{2}} = 2^x 3^y P^2$ । x, y, z-এর মান নির্ণয় করুন।
(A) x = 2, y = −1, z = 3 (B) x = −1, y = 2, z = 3
(C) x = 3, y = −1, Z = 2 (D) x = 2, y = 3, z = −1

55. পাঁচটি পরপর সংখ্যার যোগফল 20 হলে, প্রথম পরপর তিনটি সংখ্যার যোগফল কত?
(A) 11 (B) 12
(C) 5 (D) 9

56. একটি বর্গাকার আকারের তারের বেড়া 144 $cm^2$ এলাকা ব্যাপ্ত করে। যদি ওই তারটিকে একটি আয়তক্ষেত্রের আকার দেওয়া হয়, যার দৈর্ঘ্য 16 সেন্টিমিটার, তাহলে কতটুকু এলাকা ঘেরা যাবে?
(A) 128 $cm^2$ (B) 96 $cm^2$
(C) 124 $cm^2$ (D) 48 $cm^2$

# রেলের এন.টি.পি.সি

57. কোনো মূলধনের 2 বছরের সরল সুদ ও চক্রবৃদ্ধি সুদ যথাক্রমে 8,400 টাকা ও 8,652 টাকা। সুদের হার কত?

(A) 3% (B) 8% (C) 4% (D) 6%

58. একজন চা ব্যবসায়ী 320 টাকা কেজি দরের দার্জিলিং চায়ের সঙ্গে 250 টাকা কেজি দরের অসম চা কী অনুপাতে মিশিয়ে প্রতি কেজি 324 টাকা দরে বিক্রি করলে তার 20% লাভ হবে?

(A) 2 : 5 (B) 3 : 7 (C) 2 : 3 (D) 1 : 4

59. তিনটি সংখ্যার গড় 80। প্রথম সংখ্যাটি দ্বিতীয় সংখ্যার দ্বিগুণের থেকে 10 বেশি ও দ্বিতীয় সংখ্যাটি তৃতীয় সংখ্যার তিনগুণের থেকে 10 কম। সবথেকে ছোট সংখ্যাটি কত?

(A) 68 (B) 28 (C) 66 (D) 26

60. প্ল্যাটফর্মে দাঁড়িয়ে এক ব্যক্তি দেখে একটি এক্সপ্রেস ট্রেন তাকে 15 সেকেন্ডে অতিক্রম করে। যদি এক্সপ্রেস ট্রেনটির গতিবেগ 60 কিলোমিটার/ঘণ্টা হয়, তবে ট্রেনটির দৈর্ঘ্য কত?

(A) 250 মিটার (B) 150 মিটার (C) 300 মিটার (D) 200 মিটার

61. M সংখ্যক মানুষ একটি দ্রব্য R দামে কিনতে সম্মত হয়। যদি তাদের মধ্যে 4 জন মানুষ চলে যায়, তবে বাকিদের ওই একই দামে দ্রব্যটি কিনতে প্রত্যেককে কত টাকা বেশি দিতে হবে?

(A) $\frac{4R}{M^2-4M}$ (B) $\frac{4M}{R^2-4R}$

(C) $\frac{4M-R}{4R}$ (D) $\frac{M^2-4R}{MR}$

62. এক চা বিক্রেতা 250 টাকা/কেজি দরের A চা, 150 টাকা/কেজি দরের B চা-এর সঙ্গে 2 : 5 অনুপাতে মেশালেন। এরপর এই মিশ্রিত চা 200 টাকা/কেজি দরে যদি তিনি বিক্রি করেন, তবে তার লাভের শতকরা হার কত?

(A)12% (B) 10% (C) 18% (D) 15%

63. শ্যাম তার এক বন্ধুর কাছ থেকে কিছু টাকা বছরে 6% সরল সুদে ধার নেয়। সে তার বন্ধুকে সুদ ও আসল বাবদ 15,600 টাকা ফেরত দেয়। যদি শ্যাম 12,000 টাকা ধার নিয়ে থাকে, তবে সে কতদিনের জন্য টাকা ধার নিয়েছিল?

(A) 8 বছর (B) 5 বছর (C) 3.5 বছর (D) 2.5 বছর

64. A, 2,250 টাকা নিয়ে একটি ব্যবসা শুরু করে। পরবর্তীকালে B, 2,700 টাকা নিয়ে ব্যবসায় যুক্ত হয়। যদি বছরের শেষে লভ্যাংশ 2 : 1 অনুপাতে A ও B-এর মধ্যে ভাগ হয়, তবে A শুরু করার কত সময় পরে B ব্যবসায় যুক্ত হয়েছিল?

(A) 6 মাস (B) 7 মাস (C) 3 মাস (D) 5 মাস

65. গম ও ধানের বাজারদরের অনুপাত 2 : 3 ও একটি পরিবারে গম ও ধানের ব্যবহারের অনুপাত 5 : 4। তাহলে পরিবারটির গম ও ধানের জন্য খরচের অনুপাত কত?

(A) 6 : 5 (B) 1 : 1 (C) 8 : 15 (D) 5 : 6

66. এক ব্যবসায়ী এমনভাবে দ্রব্যের বিক্রয়মূল্য নির্ধারণ করলেন, যাতে বিক্রয় মূল্যের ওপর 25% লাভ থাকে। কিন্তু তিনি ধার্যমূল্যের ওপর 16% ছাড় দিয়ে বিক্রি করে থাকলে, তাঁর প্রকৃতপক্ষে কত শতাংশ লাভ হবে?

(A) 9% (B) 25% (C) 16% (D) 5%

67. 45 কিলোমিটার/ঘণ্টা বেগে গতিশীল কোনো রেলগাড়িতে বসে থাকা এক ব্যক্তি দেখেন যে উল্টো দিকে ধাবিত কোনো মালগাড়ি তাকে 6 সেকেন্ডে সম্পূর্ণ অতিক্রম করে। যদি মালগাড়িটির দৈর্ঘ্য 125 মিটার হয়, তবে তার বেগ নির্ণয় করুন।

(A) 40 কিলোমিটার/ঘণ্টা (B) 35 কিলোমিটার/ঘণ্টা

(C) 45 কিলোমিটার/ঘণ্টা (D) 30 কিলোমিটার/ঘণ্টা

68. যদি $\frac{a^2}{b+c}=\frac{b^2}{c+a}=\frac{c^2}{a+b}=1$ হয়, তাহলে $\frac{1}{1+a}+\frac{1}{1+b}+\frac{1}{1+c}$ কত হবে?

(A) 0 (B) 1 (C) –1 (D) 2

69. যদি $1^2+2^2+3^2+......+n^2=\frac{n(n+1)(2n+1)}{6}$ হয়, তবে 52+62+72+ ....+102-এর মান হবে —

(A) 330 (B) 345 (C) 355 (D) 360

70. একটি ভাগের অঙ্কে ভাজক, ভাগফলের পাঁচ গুণ ও ভাগশেষের দ্বিগুণ। যদি ভাগশেষ 5 হয়, তবে সংখ্যাটি কত?

(A) 25 (B) 48 (C) 52 (D) 15

71. কোনো এক নিয়মে HARKED, RAHDEK-এর সঙ্গে সম্পর্কিত। একইরকমভাবে RACIAL সম্পর্কিত CARLAI-এর সঙ্গে। একই যুক্তিতে NIMBLE কার সঙ্গে সম্পর্কিত?

(A) MINLEB (B) NIMELB

(C) MINELB (D) NIMLEB

72. বিবৃতিটি চারটি সিদ্ধান্তের মধ্যে কোনটিকে অনুসরণ করছে?

বিবৃতি : H ≥ Y < T ≤ L = X > W

সিদ্ধান্ত : (I) H > T, (II) H < T, (III) Y < X, (IV) L = W

(A) I (B) IV (C) III (D) II

73. একজন দোকানদার 3টি স্কিম মেনে চলে—

I. 30% ও 35% পরপর দু'টি ছাড় প্রদান করে

II. 6টি দ্রব্য কিনলে 4টি বিনামূল্যে দেয়

III. 5টি দ্রব্য কিনলে 6টি বিনামূল্যে দেয়

কোন স্কিমের ছাড়ের শতকরা হার সর্বাধিক?

(A) III (B) I (C) II (D) II ও III

74. P, Q, R, S, T ও V ছয়জন মেয়ে বৃত্তাকারে বসে আছে কেন্দ্রের দিকে মুখ করে। P, Q-এর ঠিক ডানদিকে, P-এর ডানদিকে তৃতীয় স্থানে S ও R-এর ঠিক বামদিকে বসে আছে। V, T পাশাপাশি বসেছে। T, R-এর বামদিক দ্বিতীয় স্থানে বসেছে। কে V-এর ঠিক বামদিকে বসেছে?

(A) S (B) Q (C) P (D) T

75. 452, 243, 361, 579 ও 674 প্রতিটি সংখ্যার প্রথম ও দ্বিতীয় অঙ্ক পরস্পর বিনিময় করলে কোন সংখ্যাটি সবচেয়ে বড়ো হবে?

(A) 361 (B) 579 (C) 452 (D) 674

76. নীচের শব্দগুচ্ছ নির্বাচন করুন যার বর্ণগুলিকে বামদিক থেকে ডানদিকে শূন্যস্থানে বসালে শ্রেণিটি পূরণ হয়।

XY _ YZ _ _ XYY _ _ ABXY _ _ ZAB _ _ YYZA _

(A) YABYZYYXYY (B) YZBYZYYXYB (C) XABYZYYXYB (D) YABYZYYXYB

77. প্রদত্ত শ্রেণিটিকে কোন সংখ্যা দিয়ে পূরণ করা যাবে?

99, 101, 104, 109, 116, ?

(A) 132 (B) 127 (C) 124 (D) 128

78. তিনটি বিবৃতি ও I, II ও III সিদ্ধান্তগুলি দেওয়া হয়েছে। বিবৃতি থেকে বুঝতে হবে কোন সিদ্ধান্ত কোন বিবৃতিকে অনুসরণ করছে।

বিবৃতি : সব বিন হল প্লাস্টিক

কিছু প্লাস্টিক হল নাইলন

কিছু নাইলন হল সবুজ

সিদ্ধান্ত : I. কিছু নাইলন হল প্লাস্টিক

II. সব প্লাস্টিক হল বিন

III. কিছু সবুজ হল নাইলন

(A) II (B) I ও III (C) I (D) কোনোটিই নয়

79. P, Q, R, S ও T পাঁচজন পাঁচটি বিভিন্ন মাস জানুয়ারি, ফেব্রুয়ারি, মার্চ, এপ্রিল ও মে-তে ঘুরতে বেড়িয়েছে। R ফেব্রুয়ারিতে গেছে, শুধুমাত্র একজন ব্যক্তি R ও S-এর মাঝে গেছে। Q ও T-এর মাঝে তিনজন ব্যক্তি গেছে। S মে মাসে গেছে T তার পরের মাসে গেছে। কে মে মাসে ঘুরতে গেছে?

(A) Q (B) S (C) T (D) P

80. নীচে দেওয়া বর্ণশ্রেণিটি দেখে উত্তর দিন।

J F V I E J E M V E F O J V E J J V M E X

কতগুলি Consonant আছে যাদের ঠিক আগে ও ঠিক পরে Vowel থাকবে?

(A) তিনটি (B) চারটি (C) একটি (D) দু'টি

81. B খুঁটির উত্তরদিকে ও E খুঁটির পশ্চিমদিকে F খুঁটি রয়েছে। E-এর পূর্বদিকে ও U খুঁটির উত্তরদিকে R রয়েছে। B-এর কোন দিকে R খুঁটি রয়েছে?

(A) দক্ষিণ (B) উত্তর (C) উত্তর-পূর্ব (D) দক্ষিণ-পূর্ব

82. কোনো সাংকেতিক ভাষায় BRAIN-কে লেখা হয় YIZRM ও COACH-কে লেখা হয় XLZXS এই ভাষায় ENTRY-এর সংকেত কী হবে?

(A) UNGIB (B) UMFIB

(C) VNFIB (D) VMGIB

83. কোন দু'টি সংখ্যাকে পরস্পর স্থান বিনিময় করলে সমীকরণটি সঠিক হবে?

5 × 15 ÷ 5 + 22 – 18 = 25

(A) 5, 15 (B) 22, 25 (C) 22, 18 (D) 5, 25

84. যেভাবে দ্বিতীয় সংখ্যা প্রথমটির সঙ্গে ও চতুর্থ সংখ্যা তৃতীয়টির সঙ্গে সম্পর্কিত ঠিক একইরকমভাবে পঞ্চম সংখ্যাটি কার সঙ্গে সম্পর্কিত হবে?

13 : 31 :: 15 : 33 :: 20 : ?

(A) 40 (B) 36 (C) 32 (D) 38

85. নীচে প্রদত্ত সিদ্ধান্তটির জন্য দু'টি বিবৃতি I ও II দেওয়া হয়েছে।

সিদ্ধান্ত : রাজ্য সরকার বিনামূল্যে শিক্ষাদান কর্মসূচি গ্রহণ করেছে গ্রামের সব পড়াশোনা না জানা মহিলাদের বুনিয়াদি শিক্ষা প্রদানের উদ্দেশ্যে।

বিবৃতি : I. মাত্র 2 বছরেই অন্যান্য রাজ্যে 63%-এর বেশি মহিলাদের কর্মসংস্থান হয়েছে এই ধরনের কর্মসূচির মাধ্যমে।

II. ওই রাজ্যগুলিতে মহিলাদের 5 বছরের নীচে সন্তান থাকায় তাদের অতিরিক্ত সময় থাকছে না।

(A) I ও II বিবৃতিগুলি সিদ্ধান্তকে লঘু করছে (B) বিবৃতি I নিরপেক্ষ কিন্তু II সিদ্ধান্তকে লঘু করছে (C) I ও II দু'টিই সিদ্ধান্তকে জোর দিচ্ছে (D) বিবৃতি I সিদ্ধান্তকে জোর দিচ্ছে কিন্তু II নিরপেক্ষ

86. A, B, C, D, E, F ও G সাতটি বাক্স একটির ওপর আরেকটি রাখা হল কিন্তু একই ক্রমে নয়। E একদম ওপরের, G, A-এর ওপর তৃতীয় বাক্স। F, G-এর ঠিক ওপরে অবস্থিত। C-এর ঠিক নীচে B বাক্স আছে। B ও D-এর মাঝে একটি বাক্স আছে। D ও G-এর মধ্যে ক'টি বাক্স রয়েছে?

(A) 1 টি (B) 2 টি (C) 4 টি (D) 3 টি

87. রানা স্কুল থেকে ফেরার পথে দিকভ্রান্ত হয়ে গেছে। স্কুল থেকে প্রথমে সে 3 কিমি দক্ষিণে তারপর বামদিকে ঘুরে 2 কিমি গেল। সেখান থেকে বামদিকে ঘুরে 3 কিমি গেল। অবশেষে বামদিকে ঘুরে 1 কিমি গিয়ে বাড়ি পৌঁছাল। বাড়িটি স্কুলের কোনদিকে অবস্থিত?

(A) দক্ষিণ (B) পশ্চিম (C) পূর্ব (D) উত্তর


88. নীচের সজ্জাটি দেখে উত্তর দিন। নীচে দেওয়া প্রতিটি সংখ্যা 2 অঙ্কবিশিষ্ট।

85 34 @ 36 # 56 67 * 79 $ 42 48 % 32 81 Φ 57 38 Δ 73 / 51

যে অযুগ্ম সংখ্যার ঠিক পরে চিহ্ন আছে ও যে যুগ্ম সংখ্যার আগে চিহ্ন আছে তাদের সমষ্টি কত?

(A) 466 (B) 523 (C) 498 (D) 548

89. ভেনচিত্রটি পড়ে উত্তর দিন।




কতগুলি রেসিডেনশিয়াল সুপার স্পেশালিটি হসপিটাল হল ইনস্টিটিউট?

(A) 13 (B) 5 (C) 9 (D) 3

90. আয়তাকার টেবিলে আটজন ব্যক্তি P, Q, R, S, T, U, V ও W বসেছিল এমনভাবে যাতে তাদের মধ্যে চারজন টেবিলের মাঝখানের আসনে ও বাকি চারজন কোণার চারটি আসনে বসেছেন। সবাই টেবিলের দিকে মুখ করে বসেছে। T, V-এর ডানদিকে তৃতীয়স্থানে বসেছে কিন্তু T, U-এর ঠিক পাশে বসেনি। Q-এর ডানদিকে দ্বিতীয় স্থানে R বসেছে। V-এর ডানদিকে দ্বিতীয় স্থানে S বসেছে। Q-এর ডানদিকে তৃতীয় স্থানে P বসেছে। R-এর ডানদিকে চতুর্থ স্থানে কে বসেছে?

(A) W (B) R (C) U (D) S

91. দ্বিতীয় সংখ্যা প্রথমটির সঙ্গে ও চতুর্থ সংখ্যা তৃতীয়টির সঙ্গে যেভাবে সম্পর্কিত ঠিক একইভাবে পঞ্চম সংখ্যার সঙ্গে কোন সংখ্যা সম্পর্কিত?

2 : 10 :: 3 : 30 :: 4 : ?

(A) 68 (B) 72 (C) 70 (D) 58

92. কোনো সাংকেতিক ভাষায় 'ENTER'-কে লেখা হয় 'VBWKH' ও 'SHIFT'-কে লেখা হয় 'WCLEV' তাহলে 'TOUCH'-কে কী লেখা হবে?

(A) KFXRW (B) WLXZK (C) WXLKZ (D) KZXLW

93. তিনটি বিবৃতির সঙ্গে তিনটি সিদ্ধান্ত I, II ও III দেওয়া হয়েছে ও ধরা হয়েছে বিবৃতিগুলি সত্য। কোন সিদ্ধান্ত/সিদ্ধান্তগুলি বিবৃতিকে অনুসরণ করছে।

বিবৃতি : সব এনভেলপ হল চিঠি

কোনো চিঠিই কাগজ নয়

কিছু কাগজ হল নোটবুক

সিদ্ধান্ত : I. কিছু কাগজ হল এনভেলপ

II. সব নোটবুক কাগজ হতে পারে না

III. কিছু নোটবুক হল এনভেলপ

(A) I (B) III (C) II (D) কোনোটিই নয়

94. নীচের কোন সংখ্যা দিয়ে '?' চিহ্নিত স্থান পূরণ করা যাবে?

4, 21, 47, 100, 198, ?

(A) 355 (B) 359 (C) 399 (D) 395

95. একটি বিবৃতির সঙ্গে দু'টি সিদ্ধান্ত দেওয়া হয়েছে। কোন সিদ্ধান্তটি বিবৃতি অনুযায়ী সঠিক?

বিবৃতি : X > E ≥ U < W = T > J < L

সিদ্ধান্ত : I. T < E II. X < U

(A) I অথবা II সঠিক নয় (B) II সঠিক (C) I ও II সঠিক (D) I সঠিক

96. একটি শ্রেণির 50 জন ছাত্র একটি সারিতে উত্তরদিকে মুখ করে দাঁড়িয়ে আছে। রাকেশ ডানদিক থেকে 17তম স্থানে ও কমলেশ বামদিক থেকে 22তম স্থানে রয়েছে। রাকেশ ও কমলেশের মাঝে কতজন ছাত্র রয়েছে?

(A) 11 (B) 16 (C) 5 (D) 8

97. একজন দোকানি যথাক্রমে 50 টাকা, 40 টাকা ও 30 টাকা প্রতি কেজি দরে আপেল কেনেন ও যথাক্রমে 2 : 4 : 3 অনুপাতে ওজন অনুসারে মিশ্রিত করে 30% লাভে বিক্রি করলেন। আপেলগুলির প্রতি কেজি দরে বিক্রয়মূল্য কত?

(A) 75 টাকা/কেজি (B) 45.9 টাকা/কেজি

(C) 10.8 টাকা/কেজি (D) 23.5 টাকা/কেজি

98. FRANCK শব্দটির মধ্যে এমন কতগুলি বর্ণজোড়া রয়েছে, (বাম ও ডানদিক উভয় দিক থেকেই) যাদের নিজেদের মধ্যে ও ইংরেজি বর্ণমালায় একই সংখ্যক বর্ণ রয়েছে?

(A) একটিও নয় (B) তিনটি (C) দু'টি (D) একটি

99. কৃষ্ণর কাছে 1 টাকা, 50 পয়সা ও 25 পয়সা, $\frac{1}{4}:\frac{1}{2}:\frac{1}{2}$ অনুপাত রয়েছে। যদি তার কাছে 100টি 25 পয়সা থাকে, তবে কৃষ্ণর কাছে মোট রয়েছে—

(A) 100 টাকা (B) 75 টাকা (C) 125 টাকা (D) 120 টাকা

100. নীচে পাঁচটি, তিন অঙ্কবিশিষ্ট সংখ্যা দেওয়া হয়েছে।

(বাম) 534 945 317 354 781 (ডান)

(উদাঃ 697— প্রথম অঙ্ক = 6, দ্বিতীয় অঙ্ক = 9, তৃতীয় অঙ্ক = 7)

যদি সব সংখ্যাকে ঊর্ধ্বক্রমে সাজানো হয়, তবে কতগুলি সংখ্যার স্থান অপরিবর্তিত থাকবে?

(A) 0 (B) 3 (C) 2 (D) 1

### উত্তর

**1(D). 2(A). 3(B). 4(D). 5(C). 6(B). 7(B). 8(C). 9(A). 10(B). 11(A). 12(C). 13(B). 14(C). 15(B). 16(D). 17(A). 18(B). 19(B). 20(C). 21(C). 22(D). 23(C). 24(C). 25(C). 26(B). 27(A). 28(A). 29(C). 30(B). 31(A). 32(D). 33(B). 34(B). 35(B). 36(C). 37(A). 38(C). 39(D). 40(D). 41(C). 42(B). 43(B). 44(C). 45(D). 46(B). 47(A). 48(D). 49(C). 50(C). 51(C). 52(B). 53(B). 54(A). 55(D). 56(A). 57(D). 58(A). 59(D). 60(A). 61(A). 62(A). 63(B). 64(B). 65(D). 66(D). 67(D). 68(B). 69(C). 70(A). 71(C). 72(C). 73(A). 74(C). 75(C). 76(D). 77(B). 78(B). 79(C). 80(D). 81(C). 82(D). 83(B). 84(D). 85(D). 86(D). 87(C). 88(A). 89(C). 90(D). 91(A). 92(D). 93(C). 94(B). 95(A). 96(A). 97(B). 98(C). 99(C). 100(A).**

www.skillbangla.in

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। 'ক্যাসিটারাইট' কোন ধাতুর সবথেকে গুরুত্বপূর্ণ উৎস — টিন (প্রতীক - Sn, পারমাণবিক সংখ্যা - ৫০)।

২। ঘড়িতে দম দেওয়ার ফলে প্রকৃতপক্ষে আমরা কোন ধরনের শক্তি সঞ্চয় করি — স্থিতিশক্তি।

৩। কোন হ্যালোজেন সাধারণ উষ্ণতায় তরল অবস্থায় থাকে — ব্রোমিন (প্রতীক - Br, পারমাণবিক সংখ্যা - ৩৫)।

৪। বয়েলের পরীক্ষার জন্য প্রয়োজনীয় বায়ু-পাম্প কে তৈরি করেন — রবার্ট হুক।

৫। কোনো বস্তুতে আধানের অস্তিত্ব নির্ণয়ের যন্ত্র হল — তড়িৎবীক্ষণ যন্ত্র।

৬। উদ্ভিদদেহে কিসের মাধ্যমে জল পরিবাহিত হয় — জাইলেম।

৭। মানবদেহে কোন অঙ্গ থেকে রেনিন ক্ষরিত হয় — বৃক্ক।

৮। একটি গাছের আনুমানিক বয়স জানা যায় কীভাবে — কাণ্ডের বার্ষিক বলয় গণনা করে।

## ইতিহাস

৯। 'ইস্ট ইন্ডিয়া কোম্পানি' কত সালে ব্রিটিশ সংসদীয় নিয়ন্ত্রণে আসে — ১৭৭৩।

১০। কোন ভাইসরয়ের আমলে 'সাইমন কমিশন' নিযুক্ত হয়েছিল — লর্ড আরউইন (১৯২৭ সালে)।

১১। দাদাভাই নওরোজি কতবার 'ভারতীয় জাতীয় কংগ্রেস'এর সভাপতি হয়েছিলেন — ৩ বার (১৮৮৬, ১৮৯৩ ও ১৯০৬)।

১২। কার অধীনে ১৮ শতকে বাংলা ধীরে ধীরে মোগল নিয়ন্ত্রণ থেকে বিচ্ছিন্ন হয় — মুর্শিদকুলী খান।

১৩। ভারতীয় ইতিহাসের কোন যুগে শূন্য ও দশমিক সংখ্যা পদ্ধতি উদ্ভাবিত হয়েছিল — গুপ্ত।

১৪। কোন আমলে 'আগ্রা খাল' তৈরির কাজ শেষ হয়েছিল — ব্রিটিশ আমল (১৮৬৮ সালে নির্মাণকাজ শুরু হয় আর ১৮৭৪ সালে নির্মাণকাজ শেষ হয়)।

১৫। গঞ্জাম লিপিতে কোন কীর্তি-কাহিনি বর্ণিত হয়েছে — শশাঙ্ক।

১৬। মাদ্রাজের কোন গভর্নর টিপু সুলতানের সঙ্গে চুক্তি করেছিলেন — জর্জ ম্যাকার্টনি (১৭৮৪ সালের ১১ মার্চ এই চুক্তি হয়)।

## ভূগোল

১৭। তুলা চাষের জন্য কোন মাটিকে সবথেকে উপযুক্ত বলে মনে করা হয় — কালো মাটি।

১৮। হিমালয়ের কোন অংশটি 'সাতলুজ' ও 'কালী' নদীর মধ্যে অবস্থিত — কুমায়ুন হিমালয় (এর দৈর্ঘ্য ৩২০ কিলোমিটার ও আয়তন ৩৮,০০০ বর্গ কিলোমিটার)।

১৯। ভারতের সবথেকে গুরুত্বপূর্ণ নদী বন্দর কোনটি — কলকাতা বন্দর।

২০। 'হুইলার দ্বীপ', যা ভারত তার ক্ষেপণাস্ত্র পরীক্ষার জন্য ব্যবহার করে, সেটি কোন রাজ্যে অবস্থিত — ওড়িশা।

২১। 'ওমকারেশ্বর জলবিদ্যুৎ প্রকল্প' কোন নদীর সঙ্গে যুক্ত — নর্মদা।

২২। কোন সড়কটি হিমালয়ের চারটি উচ্চ গিরিপথ অতিক্রম করেছে — লেহ থেকে মানালি (লেহ-মানালি হাইওয়ের গড় উচ্চতা ৪,০০০ মিটারের বেশি)।

২৩। কোন শৈলশহর 'ওড়িশার কাশ্মীর' নামে পরিচিত — দারিংবাড়ি।

২৪। 'লুনি' নদী কোন অঞ্চলে প্রবাহিত হয় — কচ্ছের রণ।

## সাম্প্রতিক ঘটনা

২৫। 'ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অফ ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন কে — রজিত পুনহানি।

২৬। এখন ভারতের দ্বিতীয় বৃহত্তম বাঘ সংরক্ষণাগার কোনটি — পশ্চিমবঙ্গের 'সুন্দরবন বাঘ সংরক্ষণাগার' (এই 'সুন্দরবন বাঘ সংরক্ষণাগার'এর সংরক্ষিত এলাকা ১,০৪৪.৬৮ বর্গ কিলোমিটার বেড়েছে, যার ফলে এখন মোট এলাকা ৩,৬২৯.৫৭ বর্গ কিলোমিটারে দাঁড়িয়েছে)।

২৭। চতুর্থ ভারতীয় বিমান সংস্থা হিসাবে, 'ইন্টারন্যাশনাল এয়ার ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশন'এর সদস্য হিসাবে যোগ দিল কারা — এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস (এর আগে এই সদস্যপদ পেয়েছে 'এয়ার ইন্ডিয়া', 'ইন্ডিগো' আর 'স্পাইসজেট')।

২৮। কোথায় ভারতের প্রথম টেম্পার্ড গ্লাস উৎপাদন কারখানার উদ্বোধন করলেন কেন্দ্রীয় রেল, তথ্য ও সম্প্রচার আর ইলেক্ট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব — উত্তর প্রদেশের নয়ডা।

২৯। আদিবাসী ভাষার জন্য ভারতের প্রথম এআই-নির্ভর অনুবাদক প্ল্যাটফর্ম 'আদি বাণী'র বিটা সংস্করণের সূচনা করল কোন কেন্দ্রীয় মন্ত্রক — কেন্দ্রীয় আদিবাসী বিষয়ক মন্ত্রক।

৩০। স্কুলে ক্লাস চলার সময় মোবাইল ফোন ও স্মার্ট ডিভাইস ব্যবহারে নিষেধাজ্ঞা জারি করে একটি আইন পাস করল কোন দেশ — দক্ষিণ কোরিয়া।

৩১। ভারতের প্রথম মাল্টি-লেন ফ্রি ফ্লো টোল প্লাজা কোন রাজ্যে আছে — গুজরাত (গুজরাতের ৪৮ নম্বর জাতীয় সড়কে অবস্থিত চোর্যাসি ফি প্লাজা হবে ভারতের প্রথম বাধামুক্ত টোল প্লাজা)।

৩২। মহিলাদের জন্য 'দীন দয়াল লাডো লক্ষ্মী যোজনা' চালু করল কোন রাজ্য — হরিয়ানা (এই প্রকল্পের অধীনে, রাজ্যের মহিলারা প্রতি মাসে ২,১০০ টাকা আর্থিক সহায়তা পাবেন)।

৩৩। প্রথম জাতীয় বায়োফাউন্ড্রি নেটওয়ার্ক চালু করল কোন দেশ — ভারত।

৩৪। গুজরাতের কচ্ছে ৫,৫০,০০০ একর শুষ্ক জমি জুড়ে বিশালাকার সৌর প্রকল্প তৈরি করছে কোন সংস্থা — রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড (এটি হতে চলেছে আকারে সিঙ্গাপুরের তিন গুণ। এটিই হতে চলেছে বিশ্বের বৃহত্তম ইন্টিগ্রেটেড সৌর প্রকল্প)।

৩৫। 'ইসরো'র চালু করা ভারতের প্রথম সম্পূর্ণ দেশীয় মাইক্রোপ্রসেসরটির নাম কী — বিক্রম ৩২০১।

৩৬। সংযুক্ত আরব আমিরশাহীতে,



ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — ড.দীপক মিত্তল।

৩৭। সর্বসম্মতিক্রমে ২০২৫-'২৬ সালের জন্য 'অডিট ব্যুরো অফ সার্কুলেশনস'এর চেয়ারম্যান হিসাবে নির্বাচিত হলেন কে — করুণেশ বাজাজ।

৩৮। 'বিহার রাজ্য জীবিকা নিধি সাখ সহকারী সঙ্ঘ লিমিটেড'এর উদ্বোধন করলেন কে — প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

৩৯। 'ন্যূনতম সহায়ক মূল্য' প্রকল্পের আওতায়, কৃষকদের কাছ থেকে নির্বিঘ্নে তুলো সংগ্রহের সুবিধার্থে কোন অ্যাপ চালু করলেন কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং — কাপাস কিষাণ অ্যাপ।

৪০। মধ্য প্রদেশের প্রথম শহর হিসাবে মর্যাদাপূর্ণ 'কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি'ইন্ডিয়ান গ্রিন বিল্ডিং কাউন্সিল গ্রিন সিটি প্ল্যাটিনাম সার্টিফিকেশন পেল কারা — ইন্দোর।

৪১। কোথায় প্রথমবার 'এক্সারসাইজ আরোগ্য সেতু' পরিচালনা করল ভারতীয় সেনাবাহিনী — অসম।

৪২। ভারত আর তাইল্যান্ডের মধ্যে 'মৈত্রী' নামে ১৪ তম যৌথ সেনা মহড়া হয়েছে কোথায় — মেঘালয়।

৪৩। এবছর ৭০ তম 'ফিল্মফেয়ার পুরস্কার' আয়োজন করবে কোন রাজ্য — গুজরাত।

৪৪। ভারতের প্রথম শকুন সংরক্ষণ পোর্টাল কোথায় চালু হল — অসমের গুয়াহাটি (www.thevulturenetwork.org)।

৪৫। বেঙ্গালউরুতে, 'অধ্যাপক ভি.কে.গোকাক পুরস্কার' পেলেন কে — আনন্দ ভি.পাতিল (ভারতীয় শিশুসাহিত্যে অবদানের জন্য বিখ্যাত তিনি)।

৪৬। প্রথম ভারতীয় সংস্থা হিসাবে, এবছর 'রামন ম্যাগসাইসাই পুরস্কার'এর জন্য নির্বাচিত হয়ে এক উল্লেখযোগ্য মাইলফলক অর্জন করল কারা — এনজিও 'এডুকেট গার্লস' (ভারতের প্রত্যন্ত অঞ্চলের স্কুলবহির্ভূত মেয়েদের শিক্ষার পরিবেশে নিয়ে আসার ক্ষেত্রে এক নিরলস প্রচেষ্টার স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেল সংস্থাটি)।

৪৭। কোথায় ভারতের প্রথম বন্দর ভিত্তিক সবুজ হাইড্রোজেন পাইলট প্রকল্পের উদ্বোধন করলেন কেন্দ্রীয় বন্দর, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সোনোওয়াল — তামিলনাড়ুর তুতিকোরিনে ভি.ও.চিদাম্বরনার বন্দর।

৪৮। তাইল্যান্ডের প্রধানমন্ত্রী এখন কে — আনুতিন চার্নভিরাকুল।

৪৯। যুক্তরাজ্যের উপ-প্রধানমন্ত্রী এখন কে — ডেভিড ল্যামি।

৫০। ভারতের প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই-চালিত শহর কোথায় তৈরি হতে চলেছে — কর্ণাটকের রাজধানী শহর বেঙ্গালউরুর কাছেই বিদাদি এলাকায়।

৫১। পাপুয়া নিউ গিনির ৫০ তম স্বাধীনতা দিবসে, মোবাইল ফ্লিট রিভিউয়ের নেতৃত্ব দিল ভারতীয় নৌবাহিনীর কোন জাহাজ — আইএনএস কাদম্যাট।

৫২। আনুষ্ঠানিকভাবে প্যারিসের 'গঙ্গা সুর সেইন উৎসব'এর জন্য নির্বাচিত হল কোন ভারতীয় চলচ্চিত্র — অসমীয়া চলচ্চিত্র 'গুডবাই গুরুজি'।

৫৩। বিদেশি বিনিয়োগকারী ও দক্ষ পেশাদারদের আকৃষ্ট করতে, ১০ বছর মেয়াদের গোল্ডেন ভিসা চালু করল কোন দেশ — ওমান।

৫৪। ২০৩৩ সালের মধ্যে উচ্চ-গতির সড়ক নেটওয়ার্ক পাঁচগুণ সম্প্রসারণের জন্য ১১ লাখ কোটি টাকার (১২৫ বিলিয়ন ডলার) পরিকল্পনা উন্মোচন করল কোন দেশ — ভারত।

৫৫। সবথেকে বয়স্ক ব্যক্তি হিসাবে, জাপানের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ (৩,৭৭৬ মিটার) 'মাউন্ট ফুজি' আরোহণ করে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়লেন কে — ১০২ বছর বয়সি জাপানি বৃদ্ধ কোকিচি আকুজাওয়া।

৫৬। ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট আহমেদাবাদ কোথায় তাদের প্রথম বিদেশি ক্যাম্পাস চালু করেছে — দুবাই।

৫৭। 'এনএইচপিসি লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — ভূপেন্দর গুপ্তা।

৫৮। 'লিভাইস'এর বৈশ্বিক প্রচারদূত



হিসাবে নিযুক্ত হলেন কে — বলিউড অভিনেত্রী আলিয়া ভাট।

৫৯। ৮২ তম ইতালির 'ভেনিস চলচ্চিত্র উৎসব'এ 'অরিজন্টি' বিভাগে সেরা পরিচালকের পুরস্কার পেলেন কে — বাংলার পুরুলিয়া জেলার প্রত্যন্ত গ্রাম নারায়ণপুরের মেয়ে অনুপর্ণা রায় ('সংগস অফ ফরগটেন ট্রিজ' চলচ্চিত্রের জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৬০। দীর্ঘ ৩ বছরের প্রাক-ক্লিনিক্যাল পরীক্ষার পর 'এন্টেরোমিক্স' নামে একটি নতুন ক্যান্সার টিকা এখন ব্যবহারের জন্য প্রস্তুত বলে জানিয়েছে কোন দেশের বিজ্ঞানীরা — রাশিয়া (প্রাথমিকভাবে, কোলন ক্যান্সারের জন্য এই টিকা ব্যবহার করা যাবে)।

৬১। 'বিশ্ব ফিজিওথেরাপি দিবস' কবে পালিত হয় — ৮ সেপ্টেম্বর।

৬২। গায়ানার প্রেসিডেন্ট এখন কে — ইরফান আলি।

৬৩। ভারতের সাক্ষরতার হার ২০১১ সালে ৭৪% থেকে বেড়ে ২০২৩-'২৪ সালে মোট কত হয়েছে — ৮০.৯%।

৬৪। ভারতের চতুর্থ পূর্ণ শিক্ষিত রাজ্য কোনটি — হিমাচল প্রদেশ (রাজ্যটিতে সাক্ষরতার হার ৯৯.৩%)।

৬৫। তিরুপতিতে একটি মহাকাশ নগরী আর মাদাকাসিরায় দু'টি প্রধান প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদন কেন্দ্র স্থাপনের একটি উচ্চাভিলাষী পরিকল্পনা উন্মোচন করল কোন রাজ্য — আন্ধ্রা প্রদেশ।

৬৬। বিশ্বের প্রথম সেরামিক বর্জ্য পার্ক তৈরি করল ভারতের কোন রাজ্য — উত্তর প্রদেশ (খুর্জার বুলন্দশহর জেলায় তৈরি হওয়া এই পার্কটির নাম 'আনোখি দুনিয়া')।

৬৭। প্রথম 'সূর্যোদয় উৎসব' কোথায় হয়েছে — অরুণাচল প্রদেশের আঞ্জাও জেলার ডং গ্রামে (২০২৫ সালের ২৯ ডিসেম্বর থেকে শুরু হয়ে ২০২৬ সালের ২ জানুয়ারি পর্যন্ত চলেছে এই উৎসব)।

৬৮। ভারতের উপরাষ্ট্রপতি হিসাবে নির্বাচিত হলেন কে — সি.পি.রাধাকৃষ্ণণ।

৬৯। ফ্রান্সের প্রধানমন্ত্রী এখন কে — সেবাস্তিয়ান লেকর্নু।

৭০। সিএসআই আর-ন্যাশনাল ইনস্টিটিউট অফ সায়েন্স কমিউনিকেশন অ্যান্ড পলিসি রিসার্চ'এর ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — ড.গীতা বাণী রায়সাম।

৭১। 'বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস' কবে পালিত হয় — ১০ সেপ্টেম্বর।

৭২। ২০২৫ সালে 'টাইম' পত্রিকার তরফ থেকে 'বর্ষসেরা শিশু'র শিরোপা পেলেন কে — টেক্সাসের ভারতীয়-মার্কিনি কিশোরী ১৭ বছর বয়সি তেজস্বী মনোজ ('শিল্ড সিনিয়রস' নামে এক ওয়েবসাইট তৈরি করার জন্য এই শিরোপা পেলেন তিনি, যা বয়স্ক মানুষদের অনলাইন প্রতারণার হাত থেকে রক্ষা করার জন্য একটি ওয়েবসাইট)।

৭৩। সিবিআই'এর স্পেশাল ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কারা — মনোজ শশীধর ও সম্পত মীনা।

৭৪। 'বোম্বে হাই কোর্ট'এর প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হলেন কে — শ্রী চন্দ্রশেখর।

৭৫। কোথায় 'সেন্ট্রাল পাওয়ার রিসার্চ ইনস্টিটিউট'এর রিজিওন্যাল টেস্টিং ল্যাবরেটরির উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী মনোহর লাল খট্টর — নাসিক।

৭৬। কোথায় ভারতের প্রথম বিদেশি 'অটল ইনোভেশন সেন্টার'এর উদ্বোধন করলেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান — সংযুক্ত আরব আমিরশাহী (আইআইটি-দিল্লি-আবুধাবি ক্যাম্পাসে এটি চালু হয়েছে)।

## খেলাধুলা

৭৭। ২০২৫ সালে 'সিনসিনাটি ওপন'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন কে — স্প্যানিশ টেনিস তারকা কার্লোস আলকারাজ।

৭৮। গত মরসুমে দুর্দান্ত সাফল্যের স্বীকৃতি হিসাবে, যুক্তরাজ্যের পেশাদার ফুটবল অ্যাসোসিয়েশন'এর পুরুষদের বর্ষসেরা খেলোয়াড়ের পুরস্কার পেলেন কে — লিভারপুল তারকা মোহাম্মদ সালাহ (ইতিহাসের প্রথম ফুটবলার হিসাবে, তৃতীয়বার এই পুরস্কার জিতলেন ৩৩ বছর বয়সি সালাহ)।

৭৯। ২০২৫ সালে 'ডুরান্ড কাপ ফুটবল টুর্নামেন্ট' জিতল কোন দল — নর্থইস্ট ইউনাইটেড এফসি (ডায়মন্ড হারবার এফসি'কে ৬-১ ব্যবধানে হারিয়ে)।

৮০। ২০২৫ সালে আহমেদাবাদে, 'কমনওয়েলথ ভারোত্তোলন চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ৪৮ কেজি বিভাগে সোনার পদক পেলেন কে — ভারতীয় ভারোত্তোলক মীরাবাই চানু (স্ন্যাচে ৮৪ কেজি আর ক্লিন অ্যান্ড জার্কে ১০৯ কেজি মিলিয়ে মোট ১৯৩ কেজি ওজন তুলে এই পদক পেলেন তিনি)।

৮১। এই প্রথমবারের মতো, ২০২৫ সালে 'এশিয়ান শর্ট ট্র্যাক স্পিড স্কেটিং ট্রফি' আয়োজন করল কোন দেশ — ভারত (২০ থেকে ২৩ আগস্ট, উত্তরাখণ্ডের দেরাদুনে 'মহারাণা প্রতাপ স্পোর্টস কলেজ'এর হিমাদ্রি আইস রিঙ্কে এটি হয়েছিল)।

৮২। নিউজিল্যান্ডের তাউপোতে, মর্যাদাপূর্ণ 'ফুল আয়রনম্যান নিউজিল্যান্ড' ট্রায়াথলন ১১ ঘন্টা ৫০ মিনিটে সম্পন্ন করে ইতিহাস গড়লেন কে — ঝাড়খণ্ডের জামশেদপুরের ৩৩ বছর বয়সি ক্রীড়াবিদ অনন্ত রানা।

৮৩। 'ওয়ার্ল্ড আর্চারি'র তরফ থেকে, ২০২৫ সালের মর্যাদাপূর্ণ 'বর্ষসেরা প্যারা আর্চার'এর শিরোপা পেলেন কে — জম্মু ও কাশ্মীরের ১৯ বছর বয়সি বাহুহীন প্যারা আর্চার শীতল দেবী।

সঙ্কলক : পলি দেওয়ান

RICE ADAMAS GROUP

# WBCS 2022(Executive) etc. নিয়োগের চারটি গ্রুপেরই চূড়ান্ত ফল প্রকাশিত

**A, B, C & D প্রতিটি বিভাগেই মেধা তালিকায় RICE-এর ছাত্রছাত্রীদের জয়জয়কার**

RICE EDUCATION

সরকারি চাকরির স্বপ্ন পূরণের সেরা ঠিকানা

পশ্চিমবঙ্গের মর্যাদাপূর্ণ সিভিল সার্ভিসের সিংহভাগ আসনই দখল করে নিয়েছে RICE-এর ছাত্রছাত্রীরা। এর থেকেই প্রমাণিত WBCS সহ যেকোনো সরকারি চাকরির উচ্চপদে সাফল্য পেতে RICE-এর প্রশিক্ষণ অপরিহার্য। রাজ্যের উন্নয়নের অংশীদার হওয়ার অমূল্য সুযোগ RICE-এর ছাত্রছাত্রীদের প্রধান স্বপ্ন ও লক্ষ্য।

## WBCS 2022 Group A & B এর মেধা তালিকায় সাফল্যের ঐতিহ্য বজায় রেখেছে RICE - 32 Selections

5 — **SK MONJUR AHAMMED**, WBCS 2022 Gr-A, Executive, CML- 7, Ghatal, Paschim Medinipur, Residential under WBMDFC

7 — **MANJIL DAS**, WBCS 2022 Gr-A, Executive, CML- 9, Beltiona Lane, Howrah

1 — **PRITHWISH NATH**, WBCS 2022 Gr-A, West Bengal Revenue Service, CML- 14, Khardaha, 24 PGS (N)

13 — **SUPRIYA PANDEY**, WBCS 2022 Gr-A, Executive, CML- 16, Shamserganj, Murshidabad

4 — **RITWIK MAHAPATRA**, WBCS 2022 Gr-A, WB Food & Supplies Service, CML- 66, Belda, Paschim Midnapur

5 — **AVIJIT CHAKRABORTY**, WBCS 2022 Gr-A, WB Food & Supplies Service, CML- 68, English Bazar, Malda

7 — **DEBASHIS CHATTERJEE**, WBCS 2022 Gr-A, WB Food & Supplies Service, CML- 71, Baruipur, 24 PGS (S)

8 — **SAYAN KUMAR MUKHERJEE**, WBCS 2022 Gr-A, WB Food & Supplies Service, CML- 74, Rahara, Khardaha, 24 PGS (N)

3 — **RITIKA GHOSH**, WBCS 2022 Gr-B, West Bengal Police Service, Dept. Rank: 2, Ariadaha, 24 PGS (N)

"সরকারি চাকরির সিক্রেট কেউ যদি জানতে চায়, তাহলে আমি বলব, Smart Work, Dedication, Passion and Perseverance."

10 — **SANTU BANKURA**, WBCS 2022 Gr-A, West Bengal Revenue Service, CML- 34, Sabang, Paschim Medinipur

13 — **PIJUSH BISWAS**, WBCS 2022 Gr-A, West Bengal Revenue Service, CML- 37, Hanskhali, Nadia

19 — **NARAYAN SARKAR**, WBCS 2022 Gr-A, West Bengal Revenue Service, CML-, Raiganj, Uttar Dinajpur

22 — **SAAD AHMAD**, WBCS 2022 Gr-A, Executive, CML-, Titagarh, 24 PGS (N), Residential under WBMDFC

22 — **NILADRI NATH**, WBCS 2022 Gr-A, WB Food & Supplies Service, CML- 101, Madral (Nath Para), 24 PGS(N)

3 — **SOUMYA DE**, WBCS 2022 Gr-A, WB Employment Service, CML- 106, Katwa, Purba Burdwan

44 — **KAMAL BISWAS**, WBCS 2022 Gr-A, West Bengal Revenue Service, CML- 192, Purba Nawapara, Nadia

52 — **SANJAY KUMAR SHAW**, WBCS 2022 Gr-A, West Bengal Revenue Service, CML- 296, Bowbazar, Kolkata

## WBCS 2022 Group C তে 36 জন সফল শিক্ষার্থীর গৌরবময় উপস্থিতি

7 — **BITAN CHAKRABORTY**, WBCS 2022 Gr-C, ACTO, CML- 15, Nandan Kanan Sonamukhi Road Naskar Para, Kolkata

26 — **PRITAM MAITI**, WBCS 2022 Gr-C, WB Sub-Ordinate LRS-Grade1, CML- 70, Moyna, Purba Medinipur

44 — **MAINAK KARMAKAR**, WBCS 2022 Gr-C, WB Sub-Ordinate LRS-Grade1, CML- 283, Dakshin Gobindapur, South 24 parganas

10 — **SOUMIK PURKAIT**, WBCS 2022 Gr-C, ACTO, CML- 33, Diamond Harbour South 24 Parganas

18 — **SAGAR ROY**, WBCS 2022 Gr-C, WB Sub-Ordinate LRS-Grade1, CML- 60, Egra, Ward 13, East Midnapore

13 — **ARKA CHAKRABORTY**, WBCS 2022 Gr-C, WB Sub-Ordinate LRS-Grade1, CML- 54, Memari, Purba Bardhaman

18 — **AFSONA PARVIN**, WBCS 2022 Gr-C, ACTO, CML- 109, Bardhaman Rajbati Purba Bardhaman

24 — **KALACHAND GHOSH**, WBCS 2022 Gr-C, Joint BDO, CML- 44, Mangalkoat Purba Bardhaman

5 — **KAMALAKANTA MUKHERJEE**, WBCS Group-C 2022, Assistant Commercial Tax Officer, Dept. Rank: 4, Kumardihi, West Burdwan

"RICE-এর বৃহত্তর রিসার্চ টিম, মেথডোলজি এবং অভিজ্ঞ শিক্ষক মন্ডলীর সাহায্যে তুমিও পৌঁছে যাবে সাফল্যের দোরগোড়ায়।"

24 — **SOUVIK BANERJEE**, WBCS 2022 Gr-C, WB Sub-Ordinate LRS-Grade1, CML- 67, Howrah, Domjur

16 — **ANUPAM DEBNATH**, WBCS 2022 Gr-C, ACTO, CML- 52, College para Netaji Road Alipurduar

15 — **TANMAY SARKAR**, WBCS 2022 Gr-C, Joint BDO, CML- 72, Suti, murshidabad

25 — **MD RAMIJ REZA**, WBCS 2022 Gr-C, Joint BDO, CML- 45, Jhumka, Murshidabad

11 — **SUSMITA MASANTA**, WBCS 2022 Gr-C, ACTO, CML- 38, Sabang, Paschim Medinipur

41 — **SUROJIT BISWAS**, WBCS 2022 Gr-C, WB Sub-Ordinate LRS-Grade1, CML- 275, Rahar, Uttar Dinajpur

30 — **RUBINA PAL**, WBCS 2022 Gr-C, WB Sub-Ordinate LRS-Grade1, CML- 103, Dantan, Paschim Medinipur

1 — **SOUMYA NASKAR**, WBCS-2022 Gr-C, Superintendent, DCH/Dy. SCCH, CML- 280, Tollygunge, Kolkata

## WBCS 2022 Group D - সাফল্যের নতুন ইতিহাস! 78 Selections

76 — **RENU MANNA**, WBCS 2022 Gr-D, Inspector of Co-operative Societies, CML-125, Bishnupur, South 24 Parganas

65 — **SWARNALI SARKAR**, WBCS 2022 Gr-D, Panchayat Development Officer, CML-636, Gopinathpur, Murshidabad

144 — **PRIYANKA PAL**, WBCS 2022 Gr-D, Inspector of Co-operative Societies, CML-255, Islampur, Murshidabad

196 — **DIPENDRO ROY**, WBCS 2022 Gr-D, Inspector of Co-operative Societies, CML-675, Beharampur, Murshidabad

112 — **ANKUR ROY CHAUDHURY**, WBCS 2022 Gr-D, Panchayat Development Officer, CML-170, Serampore, Hooghly

115 — **MONIMALA MONDAL**, WBCS 2022 Gr-D, Inspector of Co-operative Societies, CML-173, Rasna I, Purba Bardhaman

67 — **SHOUVIK GHOSH**, WBCS 2022 Gr-D, Inspector of Co-operative Societies, CML-115, Durgadiha, Purba Bardhaman

85 — **SUBHAMOY BHUKTA**, WBCS 2022 Gr-D, Inspector of Co-operative Societies, CML-136, Dhaurapur, Paschim Medinipur

1 — **ANUPAM GAYEN**, WBCS Group-D 2022, Inspector of Co-operative Societies, Dept. Rank: 1, Shreebhumi, Kolkata

"টাইম ম্যানেজমেন্ট, ডাউট ক্লিয়ার ক্লাস থেকে শুরু করে কী ভাবে ইন্টারভিউয়ে সাফল্য আসে সমস্ত খুঁটিনাটি বিষয়েই নিয়মিত প্রশিক্ষণ পেয়েছি।"

112 — **MD ABRAR CHOWDHURY**, WBCS 2022 Gr-D, Inspector of Co-operative Societies, CML-170, Sardha, Birbhum

97 — **DIPANJAN PANDA**, WBCS 2022 Gr-D, Inspector of Co-operative Societies, CML-154, Sautia, Paschim Medinipur

32 — **SAIKAT DATTA**, WBCS 2022 Gr-D, Panchayat Development Officer, CML-70, Chakdaha, Nadia

70 — **POULOMI SAHA**, WBCS 2022 Gr-D, Inspector of Co-operative Societies, CML-119, Ranaghat, Nadia

176 — **AYON SIDHYA**, WBCS 2022 Gr-D, Inspector of Co-operative Societies, CML-653, Nayanagar, Uttar Dinajpur

167 — **RATUL ROY**, WBCS 2022 Gr-D, Inspector of Co-operative Societies, CML-641, Chakdaha, Nadia

9 — **KOUSHIK MONDAL**, WBCS 2022 Gr-D, Panchayat Development Officer, CML-23, Salboni, Paschim Medinipur

3 — **BUDDHADEV SAHOO**, WBCS 2022 Gr-D, Panchayat Development Officer, CML-13, Nandigram, Purba Medinipur

*Remaining Success Stories to be published shortly

**Classroom | Residential** IAS | WBCS | PSC | SSC | Rail | Police | Bank | Insurance

Helpline 62921 90230 riceeducation.in

Head Office - Belgharia (Dishari House) 84799 02085 / 84799 18051 | Sealdah (City Office) 84799 17959 / 84799 18013

Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 | Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur: 84799 17962 | Tamluk : 84799 17957

RICE RESIDENTIAL

Residential Program available at Adamas Knowledge City, Barasat

Next batch starts in July 2026

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com